



সোশ্যাল মিডিয়ায় একটি পোস্ট করে অপরূপা দাবি করেন, সুজন চক্রবর্তীর বাড়িতে একটি পোষা ছিল। তার বেতন এবং পেনশন নিতেন সুজন চক্রবর্তী। ...বিস্তারিত পাতা ৩



বুধবার সকালে রায়গঞ্জের রূপাহারে প্রায় ৬০০০ বোতল নিবিদ্ধ কাফ সিরাপ (ফেনসিজিল) উদ্ধার করল রায়গঞ্জ থানার পুলিশ। ...বিস্তারিত পাতা ৭



অযোধ্যায় রামমন্দিরের প্রাণ প্রতিষ্ঠার আমন্ত্রণ প্রত্যাখ্যান করেছে কংগ্রেস। বুধবার কংগ্রেসের সাধারণ সম্পাদক জয়রাম রামেশ এই খবর জানিয়েছে ...বিস্তারিত পাতা ৬



২০১১, ২০১৯ সালের পর এটা তৃতীয় এশিয়ান কাপ সুনীরের। ভারতের আর কোনও ফুটবলার এই সাফল্য পাননি। এটাই সুনীরের কাছে শেষ এশিয়ান কাপ। ...বিস্তারিত পাতা ৮

এপ্রিলেই লোকসভা নির্বাচন? বিজেপি কিন্তু সেভাবেই এগোচ্ছে

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারিঃ লোকসভা ভোট নিয়ে রাজনৈতিক দলগুলির প্রস্তুতি তুঙ্গে। এরইমধ্যে সুত্রের খবর, এপ্রিলে হতে পারে লোকসভা ভোট। আর ফেব্রুয়ারির শেষ সপ্তাহ কিংবা মার্চের প্রথমদিকে ঘোষণা হতে পারে দিনক্ষণ। সুত্রের খবর, এপ্রিলে লোকসভা ভোট ধরে নিয়েই প্রস্তুতি শুরু বিজেপি। এমনও খবর, রাজ্য বিজেপিকে কেন্দ্রীয় নেতৃত্ব নির্দেশ দিয়েছে, ফেব্রুয়ারির দ্বিতীয় সপ্তাহের মধ্যে বিভিন্ন কর্মসূচি শেষ করে ফেলতে। ২০১৯ সালের লোকসভা ভোট ঘোষণা হয়েছিল ১০ মার্চ। ১১ এপ্রিল থেকে ১৯ মে সাত সপ্তাহ হয়েছিল সেই ভোট। ২৩ মে ভোটের গণনা হয়। এবারও এপ্রিলেই ভোটের সম্ভাবনা বলে বিভিন্ন সুত্রে খবর। এরইমধ্যে আবার বিজেপির অন্দরের তেড়জোড় নতুন করে সে জল্পনায় হাওয়া দিচ্ছে। সুত্রের খবর, ইতিমধ্যেই দলের বিভিন্ন সংগঠনকে ‘হোম টাঙ্ক’ দিতে শুরু করেছে বঙ্গ বিজেপির শীর্ষ নেতারা। যুব মোর্চাকে পাড়ায় পাড়ায় আড্ডা-বৈঠক করতে বলা হয়েছে। কোচবিহার থেকে কাঞ্চীপাড়া সমস্ত জায়গায় এই বৈঠক করতে বলা হয়েছে বলে বিজেপির অন্দরের খবর। গ্রাম বা মহল্লার ক্ষেত্রে যে সমস্ত এলাকায় বাজার বা বিশেষ দিনে হাট বসে, সেই জায়গায় সেই দিনগুলিতে যুবদের বৈঠক করতে নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি চায়ের ঢোকা এলাকার যুবদের সঙ্গে গল্প করে মোদি সরকারের সাফল্য তুলে ধরার নির্দেশ দেওয়া হয়েছে। মোড়ে মোড়ে পথসভাও করতে বলা হয়েছে। সমস্ত কাজ ফেব্রুয়ারির প্রথম সপ্তাহের মধ্যেই শেষ করার লক্ষ্যমাত্রা বেঁধে দেওয়া হয়েছে বলে বিজেপি সুত্রে জানা খবর। আরও খবর, কৃষক মোর্চাকে উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গে কৃষক সমাবেশ করতে বলা হয়েছে। এই সমাবেশে কেন্দ্রীয় নেতারা উপস্থিত থাকতে পারেন। এছাড়া ফেব্রুয়ারি মাসের মধ্যে ১ কোটি কৃষকের বাড়িতে জনসম্পর্ক অভিযানও হওয়ার পরিকল্পনা বলে খবর। সংখ্যালঘু মোর্চাকেও তৎপর হতে নির্দেশ দিয়েছেন নেতারা। মহিলা মোর্চাকে ১৮ থেকে ৩৫ বছরের মহিলাদের সঙ্গে যোগাযোগ ও এলাকাভিত্তিক সভা করতে হবে বলে সুত্রের খবর। দলের সমস্ত মোর্চাকেই লোকসভা ভোটের আগে সক্রিয় হতে বলা হয়েছে। ফেব্রুয়ারির দ্বিতীয় সপ্তাহের মধ্যে শেষ করতে হবে সমস্ত কাজ।

৯ মিসাইল তাক করা শুনেই মোদিকে ফোন করার আকৃতি ইমরানের, ভয়ে ছেড়ে দেন অভিনন্দনকে

দুরন্ত বার্তা প্রতিবেদন

পাকিস্তানের দিকে নাকি ন’টি ক্ষেপণাস্ত্র তাক করে রেখেছে ভারত, যে কোনও সময় ‘লঞ্চ’ করে দিতে পারে-কোথা থেকে সেই উড়ো খবর পেয়ে মধ্যরাত্তে পুরোপুরি কঁপে গিয়েছিল পাকিস্তান সরকারের শীর্ষ মহলা। এমনই পরিস্থিতি তৈরি হয়েছিল যে মধ্যরাত্তেই তড়িঘড়ি পাকিস্তানে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার অজয় বিসারিয়ার দ্বারস্থ হয়েছিলেন ইসলামাবাদের শীর্ষ আধিকারিক। একবার যাতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে পাকিস্তানের তৎকালীন প্রধানমন্ত্রী ইমরান খানের কথা বলিয়ে দেন, সেজন্য কাকুতি-মিনতি করিতে থাকে ইসলামাবাদ। কিন্তু মোদির সঙ্গে কথা হানি ইমরানের। আর সেই পুরো ঘটনা ঘটেছিল ২০১৯ সালের ২৭ ফেব্রুয়ারিতে। সেই ঘটনার খুঁটিনাটি নিজেই বই ‘অ্যান্ডার ম্যানেজমেন্টঃ দ্য ট্রাউবল ডিপ্লোম্যাটিক রিলেশনশিপ বিটুইন ইন্ডিয়া অ্যান্ড পাকিস্তান’ তুলে ধরেছেন বিসারিয়া। যেদিন সকালে অপরূপাশে ভারত এবং পাকিস্তানের ‘ডগফাইট’ হয়েছিল (পেটওয়ায়া হামলার পর বালাকোট এয়ারস্ট্রাইকের বেশ ধরে)। পরবর্তীতে ভারতীয়

বায়ুসেনার তৎকালীন উইং কমান্ডার অভিনন্দন বর্তমানকে নিজেদের ফেফাড়াতে নিয়েছিল পাকিস্তান। তাকে যাতে দ্রুত ছেড়ে দেওয়া হয়, সেজন্য কূটনৈতিক পদক্ষেপ করেছিল নয়াদিল্লি। বিসারিয়া জানিয়েছেন, সেদিন



মধ্যরাত্তে ভারতে নিযুক্ত পাকিস্তানের তৎকালীন হাইকমিশনার সোহেল মেহমুদের ফোন পেয়েছিলেন। যিনি সেইসময় ঘটনাস্থলে ইসলামাবাদেই ছিলেন। ইসলামাবাদের সেই আর্জি পেয়ে তিনি দিল্লিতে ফোন করে খোঁজখবর নিয়েছিলেন বলে জানান বিসারিয়া। তাঁর বয়ান অনুযায়ী, নয়াদিল্লিতে যোগাযোগের পরে সোহেলকে তিগি জানিয়ে দেন যে এই মধ্যরাত্তে মোদির সঙ্গে কথা বলা

যাচ্ছে না। তারপর আর সোহেলের কোনও প্রতিক্রিয়া মেলেনি বলে জানান বিসারিয়া। পরদিন (২৮ ফেব্রুয়ারি) পাকিস্তানের সংসদে ইমরান খোষণা করেছিলেন যে অভিনন্দনকে ছেড়ে দেওয়া হবে। সেইসঙ্গে ‘শান্তির স্বার্থে’ মোদিকে

ফোন করার চেষ্টা করেছিলেন বলে জানালেও সেই বিষয়টি নিয়ে কথা বাতাননি। তিনি শুধু দাবি করেছিলেন যে শান্তির বার্তা দিতেই অভিনন্দনকে ছেড়ে দেওয়া হচ্ছে। যদিও পশ্চিমী কূটনীতিবিদদের একাংশের মতে, ওটা স্রেফ মুখের কথা ছিল। আদতে ভারত যেভাবে অভিনন্দনকে ছেড়ে দেওয়ার জন্য হুঁশিয়ারি দিয়েছিল, তাতে রীতিমতো কার্পনি ধরে গিয়েছিল পাকিস্তানের শীর্ষ মহলের অন্দরে। সঙ্গে মিসাইল-আতঙ্ক তো ছিলই। কীভাবে মিসাইল নিয়ে উড়ো খবর

এসেছিল?

যেদিন অভিনন্দনকে হেফাজতে নিয়েছিল পাকিস্তান, সেদিন আলোচনার জন্য আমেরিকা, ফ্রান্সের মতো দেশের রাষ্ট্রদূতদের সঙ্গে বৈঠকে বসেছিলেন পাকিস্তানের বিদেশ সচিব তেহমিনা জানজুয়া। বিকেল ৫টা ৪৫ মিনিট নাগাদ বৈঠক থামিয়ে দিয়েছিলেন তিনি। পাকিস্তানি সেনার থেকে একটি বার্তা শোনাতে শুরু করেছিলেন। ওই বার্তায় দাবি করা হয়েছিল যে পাকিস্তানের দিকে ন’টি মিসাইল তাক করে রেখেছে ভারত। যে কোনও সময় সেগুলি ‘লঞ্চ’ করে দেওয়া হতে পারে। যা পাকিস্তান সরকারের ঘুম ছুটিয়ে দিয়েছিল। মোদির সঙ্গে কথা বলার চেষ্টা করেছিলেন ইমরান। যদিও ভারত কোনওদিন বলেনি যে ২৭ ফেব্রুয়ারি পাকিস্তানের দিকে ন’টি মিসাইল তাক করে রাখা হয়েছিল। ভারত বরাবর জানিয়ে এসেছে যে কূটনৈতিকভাবে পদক্ষেপ করা হয়েছিল। মোদি শুধুমাত্র ২০১৯ সালের একটি নির্বাচনী জনসভায় বলেছিলেন যে পাকিস্তানের ভাগ্য ভালো যে ওরা তৎকালীন উইং কমান্ডার অভিনন্দনকে ছেড়ে দিয়েছিলেন। তাকে না ছাড়া হলে ‘কাতিল কি রাত’ হত।

‘কঙ্কালকাণ্ডের নায়কদের থেকে বড় বড় কথা শুনব না’

নির্দেশ দেন দলনেত্রী। একইসঙ্গে এদিন জুন মালিয়ার ভূয়সী প্রশংসা শোনা যায় মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখে। সুত্রের খবর, মমতা ছেলে। শিল্পী মানুষ। দেব আমাদের দলের সম্পদ।’’ এর পরই নাকি ঘাটালের স্থানীয় নেতাদের উদ্দেশে কিছু অসন্তোষ প্রকাশ করে বলার নেই। দল বা নির্দেশ দেবে তা পালন করবা।’’ সুত্রের খবর, এদিন অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, “‘নেত্রী যা নির্দেশ দেবেন, যে দায়িত্ব দেবেন, তা পালন করবা।’’ এদিনের বৈঠকে ছিলেন মানস ভূইয়া। তিনিও বলেন, “‘নবীন প্রবীণ দ্বন্দ্ব আমাদের কিছু নেই। অভিষেক বলেছেন, যেখানে দায়িত্ব দেওয়া হবে উনি যাবেন।’’ তবে সুত্রের খবর, এদিনের বৈঠকে বিভিন্নভাবে এই নবীন-প্রবীণ প্রসঙ্গে উঠেছে। এমনও সুত্রের দাবি, মমতা বন্দ্যোপাধ্যায় দলীয় মুখপাত্রদের ভূমিকাতোও অসন্তোষ প্রকাশ করেছেন। দলের ভিতরের কথা বাইরে নয়, সত্যক করা হয়েছে। এমনও বিষয়েই মুখ খুললে দল কড়া ব্যবস্থা নেবে। অন্যদিকে মানস ভূইয়াও বলেন, “‘প্রকাশ্যে মুখ খোলা যাবে না।’’ দলে অভিযোগ জানানোর তিনটি জায়গা- দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায় ও সূত্রত বক্সী। বাইরে কিংবা সোশ্যাল মিডিয়ায় মুখ খোলা নিয়ে সত্যক থাকার বার্তা দেওয়া হয় এদিন।



উত্তাদ রশিদ খান-এর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার গান স্যালুট দিয়ে কিংবদন্তি শিল্পীকে শেষ বিদায় জানানো হয় রবীন্দ্রসদনে। ছবি-সৌরভ দত্ত।

‘আমাকে হারাতে নন্দীগ্রামে মীনাক্ষীকে বলির পাঁঠা করেছে সিপিএমের বুড়ো নেতাগুলো’



দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারিঃ হিন্দু ভোট কাটতে মীনাক্ষী মুখোপাধ্যায়কে নন্দীগ্রাম থেকে ভোটো দাঁড় করিয়েছিল সিপিএম। বুধবার সন্ধ্যায় কলকাতা লাগোয়া যাদবপুরে বিজেপির সভা থেকে এই দাবি করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বাম প্রভাবিত যাদবপুরে এদিন সিপিএম ও তৃণমূলকে একযোগে আক্রমণ করেন শুভেন্দু। এদিন শুভেন্দু বলেন, “‘বোন

মীনাক্ষী আপনি ২১ সালে আমার বিরুদ্ধে লড়তে গিয়েছিলেন। কত ভোট পেয়েছেন? ৬২০০। বেচারি সিপিআইএম ১০০০ টাকা জমা দিয়েছিল সিকিউরিটি মানিতে। সেটা যেন মীনাক্ষী ফেরত পাননি। ওই ভোটেও এই সিপিএম মমতাকে জেতানোর জন্য আমাকে হারানোর জন্য মীনাক্ষী ব্যানার্জিকে বলির পাঁঠা করেছিল। কারণ আমি যখন ১৪ সালে লোকসভায় দাঁড়ই তমূলকে আমার বিরুদ্ধে সিপিএম প্রার্থী করেছিল ইব্রাহিম আলিকে। ১৬ সালে যখন দাঁড়ই বিধানসভায় সিপিআই প্রার্থী করেছিল কবির মহম্মদ সাহেবকে। এবার যাতে ৬৫ হাজার মুসলমান ভোটের সবটা মুসলমান পায় আর আমার হিন্দু ভোট মীনাক্ষী কাটতে পারে তাই মীনাক্ষীকে নন্দীগ্রামে পাঠিয়েছিল এই বুড়ো সিপিএমের নেতাগুলো। এরা এখন আর ভোটো লড়ে না। এরা খুব চালান। আপনি সুজনদাকে জিজ্ঞাসা করলে বলবে, আমি লড়বো। এই ছেলেরা দাঁড়াক, লড়াক। কারণ ওরা জানে সিকিউরিটি মানিটা রক্ষা করা মুশকিল হয়ে যাবে।’’ তৃণমূল বিজেপির আঁতাতের অভিযোগ খারিজ করে শুভেন্দু বলেন, “‘মোদিজ না থাকলে কোনও পার্থ চট্টোপাধ্যায়, মানিক ভট্টাচার্য জেলে যেত? কখনও অনুব্রত আর তাঁর কন্যা সুকন্যা মণ্ডল তিহাদের মাটিতে গড়াগড়ি খেত?’’ বামপন্থীদের শুভেন্দুর পরামর্শ, “‘ফাঁদে পা দেবেন না। ধৃপগুড়িতেও আমরা চোরগুলোকে আটকে দিয়েছিলাম। ৪০০০ ভোটে আমরা আটকে গেলো। ওখানে সংখ্যালঘু সব ভোট পেয়েছে তৃণমূল। আর সিপিএম প্রার্থী পেয়েছেন ১৩৮০০ ভোট। তার মধ্যে ১২০০০ ভোট হিন্দু, রাজবংশী, নমঃশূদ্রদের। ওই ভোট কেটে চোর তৃণমূলকে জিতিয়ে দিয়েছে।’’

দুই বিচারপতির বিরুদ্ধে এবার সুপ্রিম কোর্টে অভিষেক

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারিঃ বিচারপতিদের মন্তব্য নিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ অভিষেক বন্দ্যোপাধ্যায়। কোর্ট এবং কোর্টের বাইরে করা দুই বিচারপতির মন্তব্য যেন তদন্তে ছাপ না ফেলে, এই মর্মে সুপ্রিম কোর্টে অভিষেক বন্দ্যোপাধ্যায়। বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় এবং বিচারপতি অমৃতা সিনহার মন্তব্যের বিরোধিতায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। সুপ্রিম কোর্টে অভিষেকের আবেদন, তাঁর সম্পর্কে আদালত এবং আদালতের বাইরে করা মন্তব্যের দ্বারা ইডি, সিবিআই যেন প্রভাবিত না হয়, এই মর্মে নির্দেশ দেওয়া হোক। শুধু তাই নয়, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আবেদন, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্যের জন্য

বিরুদ্ধে পদক্ষেপ করুন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিচারাধীন বাকি মামলাগুলির শুনানির জন্য কোনও বিশেষ বেঞ্চ গঠন করা হোক, যে বেঞ্চ বিচারপতি গঙ্গোপাধ্যায় এবং বিচারপতি অমৃতা সিনহার মন্তব্যে প্রভাবিত হবে না, এমনও আবেদন তৃণমূলের সেকেন্ড-ইন-কমান্ডের। একইসঙ্গে অভিষেকের আবেদন, বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ও বিচারপতি অমৃতা সিনহা যাতে বিরূপ মন্তব্য করা থেকে বিরত থাকেন তা র জন্য প্রয়োজনীয় নির্দেশ দিন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি। এর আগেও এই ধরনের আবেদন করেছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।

এফআইআর নেই অথচ পুলিশ রোজ রোজ হাজির হচ্ছে সিজিও-তে, আদালতের দ্বারস্থ ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারিঃ ইডি-র ওপর হামলার ঘটনায় তোলপাড় রাজ্য রাজনীতি। অভিযানে গিয়ে আক্রমণের মুখে পড়তে হয়েছে ইডি অফিসারদের। বিবৃতিতে ইডি দাবি করেছে, প্রাণে মারার উদ্দেশ্যে আক্রমণ করা হয়েছিল। সুত্রের খবরে জানা যায়, ইডি অফিসাররা যখন আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন, তারই মধ্যে কেন্দ্রীয় সংস্থার বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে রাজ্য পুলিশ। শুধু তাই নয়, ঘটনার পর একাধিকবার ইডি অফিসেও যেতে দেখা গিয়েছে রাজ্য পুলিশের আধিকারিকদের। এবার হাইকোর্টে কেন্দ্রীয় সংস্থা দাবি করল, এফআইআর-এর বিষয়ে তারা কিছুই জানেন না, অথচ পুলিশ বরাবর যাচ্ছে সিজিও কমপ্লেক্সে। গত শুক্রবার তৃণমূল নেতা শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি



আঙুল তুলেছেন রাজ্যপাল সি ডি আনন্দ বোস। স্বরাষ্ট্র মন্ত্রকে রিপোর্ট গিয়েছে ইতিমধ্যেই। সন্দেহশালির সেই হামলা নিয়ে এবার হাইকোর্টে মামলা করেছে ইডি। ইডি-র অভিযোগ, রেশন দুর্নীতির মামলায় তল্লাশি করতে গিয়ে হামলার মুখে পড়েন ইডি অফিসাররা। উল্টে তাদের অফিসারদের বিরুদ্ধে পুলিশ এফআইআর করেছে বলে শোনা যাচ্ছে। সব সংবাদমাধ্যমে এটা প্রচার হচ্ছে। অথচ বসিরহাট কোর্টে খোঁজ করেও তেমন কিছু জানা যায়নি বলে দাবি ইডি-র। আদালতে ইডি জানিয়েছে, ওয়েবসাইটেও এফআইআর-এর কপি আপলোড করা হয়নি, অথচ পুলিশ প্রতিদিন অফিসে পুলিশ খোঁজ করেছে কোন কোন অফিসার সেদিন সন্দেহশালি গিয়েছিলেন। বিচারপতি জয় সেনগুপ্ত মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন। বৃহস্পতিবার হবে শুনানি। উল্লেখ্য, বুধবারও সিজিও কমপ্লেক্সে গিয়েছিলেন বসিরহাটের ডিএসপি সানন্দা গোস্বামী। কিন্তু জানা গেল, ইডির তরফে কোনও বয়ান দেওয়া হয়নি। সেদিনের ঘটনায় গুরুতর আহত হয়েছিলেন ইডির ৪ আধিকারিক। আগেই তাদের বয়ান রেকর্ড করেছিল জেলা পুলিশ। সেদিনের অভিযানে যাওয়া বাকি ইডি অফিসারদের সঙ্গে কথা বলার জন্য বুধবার সিজিও কমপ্লেক্সে পৌঁছেছিল বসিরহাট পুলিশ। তাদের বয়ান ভিডিও রেকর্ডিং করার কথা ছিল। এদিন ডিএসপির দেহরক্ষীকে পিস্তল জমা রেখে তবেই ভিতরে ঢুকতে দেওয়া হয়। কিন্তু তার পরেও খালি হাতেই ফিরতে হল ডিএসপি সহ বাকি পুলিশকর্মীদের। জানা গেছে, এনফোর্সমেন্ট কর্তারা কোনও বয়ান দিতে রাজি হাননি।

শাহজাহানকে বিজেপিতে যেতে চাপ শুভেন্দুর, বিস্ফোরক কুণাল ঘোষ

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ জানুয়ারিঃ শাহজাহান কোথায় রয়েছে, বুধবার তার হদিশ দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পালাটা শাহজাহান-শুভেন্দুর যোগসাজশ নিয়ে তেপ দাগলেন তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ। তাঁর দাবি, ছবি থেকেই স্পষ্ট শুভেন্দুর সঙ্গে শাহজাহানের যোগাযোগ, হৃদাতা ছিল। তাঁকে বিজেপিতে যাওয়ার জন্য চাপ দিচ্ছিলেন শুভেন্দু। দলবদল না করায় ইডির তল্লাশি হচ্ছে। ভয় দেখানো তাকে। তাই সবার আগে শুভেন্দুকেই জেরা করা উচিত বলে মত কুণালবাবু বলেন। উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের মৎস্য ও প্রাণী সম্পদ কর্মাধক্ষের পাশাপাশি সন্দেহশালি ১ নম্বর ব্লকের তৃণমূল সভাপতি শেখ শাহজাহান। এই মুহুর্তে ইডির হেফাজতে থাকা প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিষের মল্লিকের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত তিনি। বাড়িতে



কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডির তল্লাশি অভিযান ঘিরে উত্তপ্ত হয়ে ওঠে উত্তর ২৪ পরগণার সন্দেহশালির সরবেড়িয়া। আক্রান্ত হন ইডির আধিকারিকরা। চক্রান্ত করে তল্লাশির অভিযোগ তুলে ক্ষোভে ফেটে পড়েন তৃণমূল নেতার অনুগামীরা। এলাকা ছাতে বাধ্য করা হয় তদন্তকারী আধিকারিক ও কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের। সেই শাহজাহানকে নিয়েই এখন

উত্তাল রাজ্য রাজনীতি। সেই অশান্তির পর কেটে গিয়েছে বেশ কয়েকদিন। এখনও ফেরার শাহজাহান। এদিন বিজেপি বিধায়ক শুভেন্দু অধিকারী দাবি করেন, শাহজাহান মাছের ভেড়ির মধ্যে বড় ঘরে লুকিয়ে আছেন। পুলিশ সবই জানে, কিন্তু ধরবে না। সিবিআই শাহজাহানকে প্রেস্তার করতে পারবে বলেই মত বিরোধী দলনেতার। তাঁর এই মন্তব্যের পালাটা দেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক তথা মুখপাত্র কুণাল ঘোষ। তাঁর কথায়, শাহজাহানের সঙ্গে শুভেন্দু ছবি দেখে প্রমাণ হয় যে দুজনের হৃদয়তা, যোগাযোগ ছিল। এমনও অভিযোগ উঠেছে যে শাহজাহানকে বিজেপিতে নাম লেখানোর জন্য চাপ দিচ্ছিল তিনি। না যাওয়ায় ইডিকে দিয়ে ভয় দেখিয়েছে। তল্লাশি চালাচ্ছে। তাই এই বিষয়ে কুণাল তাকেই জেরা করা উচিত বলেই বলছেন কুণাল ঘোষ।

নতুন করে আক্রান্ত ৬০৫
নয়াপল্লি, ১০ জানুয়ারি ৪ দৈনিক
করোনা-আক্রান্তে সংখ্যা আবারও
বাম্বা ভাঙতে, তবে নিম্নমুখী সংক্রমণ
রোগীর সংখ্যা বিগত ২৪ ঘণ্টায়
দেখে নতুন করে কোভিড আক্রান্ত
হয়েছেন ৬০৫ জন। মঙ্গলবার
নয়াপল্লি ভাঙতে করোনা আক্রান্ত
৬ জনের মৃত্যু হয়েছে। কর্ণাটক,
হিহিগড়গ ও অসমে ৪ জন করোনা
রোগীর মৃত্যু হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য
ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে,

অন্যতম ১০০ জনার ১০ প্রতীকার
আর মাত্র কিছু দিন। আগামী ২২
জানুয়ারির উদ্দেশ্যে হতে চলছে
আয়োজ্যার রাম মন্দির। সেই
উদ্দেশ্যেই শুরু হয়েছে প্রস্তুতি পর্ব,
সেজে উঠেছে রাম জন্মভূমি।
উদ্দেশ্যেই নাট্যস্থানের আগেই মন্দিরে
বসানো হল সোনার দরজা। আগামী
দশদিনেই মন্দির চালু হবে।
অদরহায়ে আরও ১৩টি সোনার
দরজা বসানো হবে বলে রাজমজুম্দি
তীর্থক্ষেত্র ট্রাস্ট বসনের খবর।
সোনার দরজাটি বসানো হয়েছে সেই
দরজার কারকজা চোখে পড়ার
মতো। দরজার মধ্যভাগের দু'দিকে
দু'টি হাতি এমন ভঙ্গিমায়ে রয়েছে যা
মন্দিরের মন্দির হয়ে হাত দু'টি
দর্শনাধীশের স্বাগত জানাচ্ছে।
দরজার উপরিভাগে তাকালে দেখা
যায় দু'দিকে দু'টি ব্যক্তি হাত জোড়
করে দাঁড়িয়ে রয়েছে। দরজার নীচের
দিকে বর্গাকৃতি এলাকায় রয়েছে
নানা ধরনের কারকজা। ১২ ফুট উঁচু
এবং ৮ ফুট চওড়া এই দরজাটি
মন্দিরের সহজেই ভগ্ন ভাঙা
বান্দো রয়েছে। রাম মন্দিরে ভোগ
৪৪টি দরজা এবং ৩৯২টি স্তম্ভ
রয়েছে। মন্দির জুড়ে পাঁচটি
মণ্ডপ রয়েছে- নৃত্য, রং, সভা,
প্রাণ্ডালী এবং কীটন। মন্দিরের
স্তম্ভগুলি জুড়ে আঁকা রয়েছে
নানা দেবদেবীর প্রতিমূর্তি।

২৪ পূর্বপূর, ১০ জানুয়ারি : দক্ষিণ অঞ্চলত সাত্ৰথ বাক্ৰিয়ৰ বাসিন্দা অৰ্জুনা চন্ডি নামে এক মহিলা গত ৭ ই জানুৱাৰী দক্ষিণ বারাসত তৰে নানাতৰ হেৰোলেই দেখা কৰে আছিলে। তিনি দক্ষিণ বারাসত স্টেশন ৰোড থেকে একটি অটোতে চেপে মনিমোলা মাঠের কাছে নামমেনে আটোটি ছাড়ার পর অটোর ভিত্তরে থাকা এক যুবক একটা টাকাৰ বাস্তি লৈয়ে, ওই মহিলাৰ কাছে দিয়ে নিয়ে, এই টাকাৰ আমি কুকুড়িয়ে পেয়েছি এটা রাখাৰ জায়গা নেই আপনি যদি এটা ৰায়েন তাহলে শুব টাকা হয়। আমাৰ কাছে কোন টাকাৰ পক্ষা নেই গিচি ভাড়া দেখোৱা মত অন্তত আপনি ১০০ টাকা আমাকে দিন। এভাবে মহিলাৰ কাছ থেকে ওই যুবক প্রথমে ১০০ টকা নেয়, তারপরে বলে যে যেটা টাকা আপনাৰ কাছে থাকুক আপনাৰ কানৈৰ পাসা দুটো আমাকে খুলে দিন। মহিলা এক বাস্তি টকাৰ প্ৰলোভনে পড়ে নিজেৰ কানৈৰ মূল্যবান সোনাৰ পাশা তাকে দিয়ে দেয়। এরপর মহিলা মাঠে মাঠেৰ কাছে অটো থেকে নেমে পড়ে এবং অটো চলে যাওয়ার পরে টাকার বাস্তি খুলে দেখেন কাগজের বাস্তি এর ওপরে একটি ১০ টকা লাগানো আছে সাথে সাথে মলো বুঝতে পারে তিনি প্রতারণিত হয়েছেন।সাথে সাথে ওই মহিলা জয়নগৰ থানায় এতিয়াও অভিযোগ জানান, প্রতারণিত মহিলাৰ অভিযোগেৰ ভিত্তিতে জয়নগৰ থানৈৰে অসহি সাপথান ভট্টাচাৰ্যে নেতৃত্বে পুলিশেৰ একটি বিশেষ দল এইদিন রাতেই বিশেষ অভিযান চালিয়ে ঘটনাৰ সাথে যুক্ত দুই যুবককে গ্ৰেফতার কৰে।যুবকদেৰ নাম সাইদুল মন্তুল ও আলী হোসেন মোল্লা। প্ৰাথমিক তদন্তে পুলিশ জানতে পাৰে আলী হোসেন মোল্লাৰ বাড়ি জয়নগৰ থানার অন্তৰ্গত রমাকান্ত বাটি পথেরহাট এলাকায় এবং মন্তুল মন্তুলেৰ বাড়ি মগৱাহাট থানার অন্তৰ্গত রামনগৰ লক্ষ্মৰ পাড়া। ঘটনাৰ দিন দুজনেই অটোৰ মচাৰ ছিল এবং ওই মহিলাকে টকাৰ প্ৰলোভন দেখিয়ে সোনাৰ গহনা নিয়ে চম্পট দিয়েছিল।গত ৮ ই জানুৱাৰী পুলিশি হেফাজতেরৰ আবেদন জানিয়ে খতৰনাশে বাক্ৰিয়পুৰ আদালত পাঠানেৰে হলে আদালত পাঁচ দিনেৰ পুলিশিৰে হেফাজতের নিৰ্দেশ দেয়া এবং এরপরই তাদেরকে নিয়ে তল্লাশি অভিযান চালিয়ে প্ৰতারণাৰ মহিলাৰ সোনাৰ কানৈৰ পাশাৰ এবং আৰো একজোড়া সোনাৰ ৰিং উদ্ধাৰ কৰে পুলিশ। এই ঘটনায় অভিযুক্ত যুবকদেৰ সাথেকে আৰ কানৈৰ য়ে জটোতে চেপে তাৰা এই অপাৰেশন চালিয়েছিল। সেই অটোচালক ঘটনা সাধক যুক্ত কিনা সে ব্যাপারে তদন্ত শুরু কৰেছে জয়নগৰ থানার পুলিশ।

নতুনতরক, ১০ জুলায়ার : প্রাণহানি কাম্য নথ, আলোচনাটি একদম পথ। জরুরারেল-হামাস মুখ পসদে রাষ্ট্রসঙ্গে এমনটাই জানাল ভারত। পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতির রাষ্ট্রসঙ্গে রাধারণ সাধারণ পরিষদের বর্তেক বক্তব্য রাধারণ রাষ্ট্রসঙ্গে ভারতের স্থায়ী প্রতিনিধি রুচিরা কয়েজ। তিনি স্পষ্টভাবে বলেছেন, হামাসের মধ্যে চলমান হিজরারেল ফলে ব্যাপক হারে মানুষের প্রাণহানি হয়েছে, বিশেষ করে মহিলা ও শিশুরা। এর ফলে উদ্বেগজনক মানবিক সংকট দেখা দিয়েছে। কচিরা কয়েজ বলেছেন, এটি স্পষ্টই হা অগ্রহণযোগ্য, এবং আমরা নিরীহ বোমারিক মানুষের মৃত্যুর ত্রি নিন্দা করেছি। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের শূন্য সম্মীলনা পছ রয়েছে। সন্ত্রাস ও পনবন্দি করার কোনও যৌক্তিকতা থাকতে পারে না। যাদের বন্দি করে রাখা হয়েছে, তাদের অবিলম্বে এবং নিঃশর্ত মুক্তির দাবি করছি আমরা।

হাসানাবাদ, ১ জানুয়ারি ও
বেতলদ্বানার লাইনচ্যুতি রেলওয়ে
স্টেশনের লাইনচ্যুত হয়ে গেল
চারমিনার এক্সপ্রেসের তিনটি বগি।
চারমিনার এক্সপ্রেসের তিনটি বগি
লাইনচ্যুত হওয়ার ঘটনায় ৫ জন
যাত্রী আহত হয়েছেন। ট্রেনটি যখন
লাইনচ্যুত হয়ে যায়, তখন ওই ৫
জন গेटের ধারে দাঁিয়েছিলেন।
তাতেই ৫ জন সন্মান আহত
হয়েছেন। বুধবার সকাল ৯.১৫
নাগাদ ঘটনাটি
যেটিছে।দক্ষিণ-মধ্য রেলের মুখ্য
জনসংযোগ আধিকারিক

(সাঁপআরও) বাকেশ বলেছেন,
বুধবার সকাল ৯.১৫ মিনিট নাগাদ
নাগাদ রেলওয়ে স্টেশনের
লাইনচ্যুত হয়ে যায় চারমিনার
এক্সপ্রেসের তিনটি বগি।
স্টেশনটি একটি টার্মিনাল স্টেশন
যেখানে ট্রেনের যাত্রার সমাপ্তি হয়।
ট্রেনটি আগেই থামানো উচিত ছিল,
কিন্তু কিছুটা এগিয়ে যায়। এ ঘটনায়
ট্রেনের তটি বগি লাইনচ্যুত হয়।
ট্রেনের দরজার কাছে দাঁড়িয়ে থাকা
প্রায় ৫ জন সন্মান আহত হয়েছেন।
তাঁদের রেলওয়ে হাসপাতালে
চিকিৎসা প্রদান করা হয়েছে।

কালনাগর, ১০ জুলায়ার ৪ তারিখে শেতাপ্রবাহে কপহে গোটা কান্দীর উপত্যকা, ত্রিশতাপ্রবাহের পাদতলে হ্রীশঙ্করের নীচে রয়েছে। ত্রিশ শেতাপ্রবাহের জনজীবন-অর্থপাশপাশে ভুলগোড়া বুবারা গ্রামাঞ্চলের সর্বনিম্ন তামাখা ছিল মাহীস ৫.০ ডিগ্রি সেলসিয়াস, জন্মুতেই তামাখা নামেহে ৪.৮ ডিগ্রিতে। পহেলগামেহে তামাখা নামে মাহীস ৬.৩ ডিগ্রি সেলসিয়াস পৌঁছেছে। শীত এতদিনেই বর্ষা-বর্ষি যে সকালের দিকে রাষ্ট্রীয় দেখা যোগ্য মানুষজনকে, রোদও শীতকেই বুঝে মাহীসের মানতে পাচ্ছে না। বুবারা গুলমার্গে সর্বনিম্ন তামাখা ছিল মাহীস ৫.০ ডিগ্রি সেলসিয়াস। জন্মু ও কান্দীর এই মুহূর্তে ৪০-দিন চিল্লাই কালনা-

সিংহহরাশিঃ আনান্ন বাপ
বিস্তার করতে পারো। আপন
বুঝতে হবে যে এটি আপন
নিজস্ব ভাবনা এবং কল্পনার
বুঝ রাশিহরার সমস্রুচী স
স্বাস্থ্য সুন্দর থাকবে। স
কেনও পানদানার আপ
দরজায় জন্য আপনাকে
নেওয়ার জন্য বলতে পারো।
মিথুন রাশিঃ আনান্ন বাপ
নিছকই আনন্দ এবং ম
যেহেতু আপন পূর্ণাত্মায় জ
উপযোগ্য করতে নৈম পড়ে
আর্থিক দিকে উন্নতি নিশ্চি
করকট রাশিঃ আজ, আপ
স্বাস্থ্য সুস্থ হবে বলে আশা
হচ্ছে। আপনান্ন সুস্থোত্তর
আপনি আপন আপনান্ন বন্ধ
সিংহহরাশিঃ এমন ক্রিয়াকল

আপনাকে আপনার শান্ত
বয়সে রাখতে সাহায্য করবে।
কন্যা রাশিঃ প্রকৃতি আপনার
লক্ষণীয় প্রত্যয় এবং বুদ্ধি ত
করেছে- কাজেই এটির
ব্যবহার করুন। আপনার অ
তুল্য রাশিঃ আজ স্বাস্থ্য সু
থাকবে। আপনার লাল্গ এ
বিষয় লক্ষ্য সম্পর্কে গোপনী
বুদ্ধি রাশিঃ প্রত্যেক মানুষ
কথায় কান দিন, আপনি হয়
আপনার সমস্যা সমাধান অ
ধনু রাশিঃ আপনি আপ
জীবনে দীর্ঘ সময় ধরে সম্ম
হওয়া উত্তেজনা এবং চাপ পে
প্রিয়ত্ৰাণ পেতে পারেন।
মকর রাশিঃ স্ত্রীর ব্যাপারে আ
নাক গলনেন না- তাতে স্ত্রী
হবে। এর থেকে বের নি
দিকে নজর দিন। শু দিন হ
ক শু রাশিঃ আপনি আপ
শরীরিক মনোবল বজায় রা
জন্য খেলাধুলো আপনার স
ব্যব. করুন। মীন রা
প্রতিষ্ঠাশিত ভ্রমণ রাস্তাচরিত
পথে যা আপনাকে উন্নয় ব
তুলবে। আপনার পরীক্ষা
দিয়ে মালিশ করা শরীরিক
আপন দেবো-পেয়া লাগানো
উত্তাবনীমূলক এবং যাদের তা
অভিজ্ঞ তা লাগানো
উত্তাবনীমূলক এবং যাদের তা

কঠিন বৰ্জ্য নিষ্কাশন ব্যবস্থাপনা প্রকল্প উদ্বোধন হল উলুবেড়িয়ায়

মতিয়ার রহমান, উলুবেড়িয়াঃ কঠিন বৰ্জ্য নিষ্কাশন ব্যবস্থাপনা প্রকল্প উদ্বোধন হলো শ্যামপুরের একাধিক জায়গায়, শ্যামপুরের শশাটি, বারগ্রাম, ও আমডহ পঞ্চায়েতের মোট তিনটি জায়গায়। উপস্থিত সকলেই বলেন, পরিবেশ রক্ষায় এটা আমাদের জরুরি, এবং নিজের বাড়ি নিজের গ্রামকে নির্মল রাখতে প্রকৃতিকে সুস্থ রাখতে সকলকেই আগিয়ে আসার আহ্বান জানান। বুধবার এই তিনটি জায়গায় একই প্রকল্পের উদ্বোধন করেন হাওড়া জেলা অতিরিক্ত জেলা শাসক সুদীপ কুমার ঘোষ, জেলা পরিষদের সচিব রাকিবুর রহমান,হাওড়া জেলা পরিষদের সহসভাপতি অজয় ভট্টাচার্য, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ জুলফিকার আলী মোল্লা,শ্যামপুর ২নং ব্লকের বিডিও সঞ্জু গুহ মল্লদাদার,শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি শ্রীমতী কান্তা মাল্লা, সহসভাপতি নন্দেবাসী জানা, আমডহ পঞ্চায়েত প্রধান মৌসুমী মাহিতি, উপপ্রধান জয়ন্ত কুমার পাত্র।

সাগরে পথ দূর্ঘটনায় আহত ৩

নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনা ঃ গঙ্গা সাগর মেলা আনুষ্ঠানিক সূচনা হয়ে গেছে রাজ্যের মুখ্যমন্ত্রীর হাত ধরে গত সোমবার। পূণার্থীদের সমাগম শুরু হয়ে গেছে। আর এরই মধ্যে আজ সকালে পথ দূর্ঘটনা ঘটে গেল গঙ্গা সাগর রোডে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেল, ঘন কুয়াশার কারণে এদিন সকালে গঙ্গা সাগর রোডের বামনখালির বইচবাড়ি এলাকায় বাস ও ম্যাজিক গাড়ির মধ্যে মুখোমুখি সংঘর্ষ ঘটে। বাসটি গঙ্গা সাগর থেকে কচুবেড়িয়ার দিকে যাচ্ছিল ও ম্যাজিক গাড়িটি যাত্রী নিয়ে গঙ্গা সাগরে দিকে যাচ্ছিল। ঘন কুয়াশার কারণে দূর্ঘটনা ঘটে বলে জানা গেলে।এই ঘটনার পরে বাসটি পালিয়ে যায়। তবে বাসের কোনো যাত্রীর কিছু হয়নি। কিন্তু ম্যাজিক গাড়ির চালক ও দুজন যাত্রী আহত হন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে সাগর গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসা চলছে আহতদের। আর এই ঘটনার খবর পেয়ে সাহাপাতালে ছুটে যান স্থানীয় বিধায়ক তথা রাজ্যের সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বংকিম চৌধ হাজরা। মন্ত্রী গিয়ে আহতদের সাথে ও চিকিৎসকদের সাথে কথা বলেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

সাইলেন্স শব-সংরক্ষণ কেন্দ্রের উদ্বোধন করলেন দপ্তরের মন্ত্রী অরুণ রায়



হাওড়া, ১০ জানুয়ারিঃ মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের অনুপ্রেরণা ও অর্থানুকুল্যে এবং তাঁর সার্থক নামকরণে তৈরি সাইলেন্স শব-সংরক্ষণ কেন্দ্রের শুভ উদ্বোধন হয়ে গেল হাওড়ায়। বুধবার বিকালে উত্তর হাওড়া বিধানসভা এলাকার সভাবালা হাসপাতালের নিকটবর্তী অঞ্চলে এই শব-সংরক্ষণ কেন্দ্রের শুভ উদ্বোধন করেন রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তরের মন্ত্রী অরুণ রায়। ওই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এলাকার বিধায়ক গৌতম চৌধুরী, হাওড়া পুরনিগমের মুখ্য প্রশাসক ডা.সুজয় চক্রবর্তী, পুর কমিশনার ধবল জৈন সহ পুর প্রশাসকমন্ডলীর সদস্যরা।

আসুন আমরা প্লাস্টিক দূষণ বন্ধ করি, প্লাস্টিক পুনঃব্যবহার করি, না পারলে বর্জন করি



নিজস্ব সংবাদদাতা, সাগর ঃ প্লাস্টিক দূষণ হল পরিবেশে কর্তৃক প্লাস্টিক পদার্থের আহরণ যা পরবর্তীতে যে বন্যপ্রাণ, বন্যপ্রাণ আবাসস্থল, এমনকি মানবজাতীর ওপর বিরূপ প্রভাব সৃষ্টি করে। আকসের উপর ভিত্তি করে, মাইক্রো-, মেসো-, অথবা ম্যাক্রোবর্জ্য এই তিনভাগে প্লাস্টিক দূষণকে শ্রেণীকরণ করা হয়। নিয়মিত প্লাস্টিক পদার্থের ব্যবহার প্লাস্টিক দূষণের মাত্রাকে বাড়িয়ে দিচ্ছে। পলিথিন ব্যাগ, কসমেটিক প্লাস্টিক, গৃহস্থালির প্লাস্টিক, বাণিজ্যিক কাজে ব্যবহৃত প্লাস্টিক পণ্যের বেশিরভাগই পুনঃচক্রায়ন হয় না। এগুলো পরিবেশে থেকে বর্জ্যের আকার নেয়া মানুষের অসচেতনতাই প্লাস্টিক দূষণের প্রধাণ কারণ ।

প্লাস্টিক এমন এক রাসায়নিক পদার্থ যা পরিবেশে পচতে অথবা কারখানায় পুনঃপ্রক্রিয়াকরণ করতে প্রচুর সময় লাগে । তাই একে অপব্য পদার্থ হিসেবে পরিবেশে দীর্ঘস্থায়ী ক্ষতিকর প্রভাব গণি়ত করে । সাধারনত উদ্ভিদকূল, জলজ প্রাণী, দ্বীপ অঞ্চলের প্রাণীরা প্লাস্টিক পণ্যের বেশিরভাগই পুনঃচক্রায়ন হয় না। এগুলো পরিবেশে থেকে বর্জ্যের আকার নেয়া মানুষের অসচেতনতাই প্লাস্টিক দূষণের প্রধাণ কারণ ।

আমেরিকাতে প্রতিবছর ৫ মিলিয়ন টন প্লাস্টিক পণ্য ব্যবহৃত হয় । এগুলোর মধ্যে মাত্র ২৪ শতাংশ পুনঃচক্রায়ন হয়ে থাকে । অন্য ৩.৮ মিলিয়ন টন প্লাস্টিক বর্জ্য আকারে মাটিতে ফেলে দেওয়া হয়। বর্তমানে বিভিন্ন দেশে প্লাস্টিক পণ্যের ব্যবহার কমাতে বিভিন্ন উদ্যোগ গঠন করা হয়েছে । সাগরব্লকেও পলিথিন ব্যাগ ব্যবহারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সাগর চক্রের চৌরঙ্গী প্রাথমিক বিদ্যালয় আনরনুপ্লাস্টিক এই স্লোগানকে সামনে রেখে জন সচেতনতা বৃদ্ধির কাজ করে যাচ্ছে প্লাস্টিক দূষণ প্রাতিষ্ঠানের খাদ্যচক্রের উপর বিরূপ প্রভাব সৃষ্টি করে । এটি সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীর উপর বেশি বিরূপ ফেলে । বই অনুসারে প্লাস্টিক দূষণ সামুদ্রিক প্রাণীর জন্য একক সর্বাধিক হুমকির মত । বেশকিছু সামুদ্রিক প্রজাতি, যেমন, সামুদ্রিক কচ্ছপের প্লাস্টিক বর্জ্য পেয়েছেন । যখনই এমনটা ঘটে, তখন এসব প্রাণী ক্ষুধায় ভোগে কারণ প্লাস্টিক বর্জ্য তাদের পরিপাকতন্ত্রকে বন্ধ করে দেয় । এতে প্রাণীর মৃত্যুও ঘটে পারে। অনেকক্ষেত্রে, সামুদ্রিক প্রাণী প্লাস্টিক পণ্য যেমন জাল দ্বারা বিজড়িত হয় । যার কারণে তারা ক্ষতিগ্রস্ত হয় ও মৃত্যুও ঘটে থাকে । সামুদ্রিক প্রাণীর মৃত্যু প্লাস্টিক দূষণের প্রভাব সবচেয়ে বেশি । সামুদ্রিক কচ্ছপের মৃত্যু প্লাস্টিক দূষণের কারণে ঘটেছে । সামুদ্রিক কচ্ছপ সাধারণত জেলিস্কিম, সামুদ্রিক কীট খেয়ে

সুজনকে উদ্দেশ্য করে সোশ্যাল মিডিয়ায় বিতর্কিত পোস্ট করলেন সাংসদ অপরূপা

বনস্পতি দে, হুগলিঃ সিপিএম নেতা সুজন চক্রবর্তীকে উদ্দেশ্য করে নিজের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে একটি পোস্ট করেন সেই পোস্টে অপরূপা দাবি করেন, সুজন চক্রবর্তীর বাড়িতে একটি পোষা ছিল সারমেয় বেতন এবং পেনশন নিতেন সুজন চক্রবর্তী বলে দাবি করেন তিনি । লোকসভা নির্বাচন যত এগিয়ে আসছে, রাজনৈতিক নেতা-নেত্রীদের একে অপরকে আক্রমণের বহর বাড়ছে। কখনও কখনও আক্রমণের মাত্রাও ছড়িয়ে যাচ্ছে কয়েকগুণ। এবার সিপিএম নেতা সুজন চক্রবর্তীকে নজিরবিহীন আক্রমণ তৃণমূল সাংসদ অপরূপা পোদারের। সিপিএম নেতা সুজন চক্রবর্তীকে উদ্দেশ্য করে নিজের সোশ্যাল



সোনা হতিয়ে নিলেন সংস্থার ম্যানেজার, পুলিশের হাতে ধৃত

নিজস্ব প্রতিনিধি, উত্তরপাড়া **হুগলিঃ** লকার থেকে সোনা গায়েব করার অভিযোগ উঠল খোদ ম্যানেজারের বিরুদ্ধে। সিসিটিভি বন্ধ করে সোনা হাতিয়ে নিলেন বোরকার স্বর্ণ ঋণ প্রদানকারী সংস্থার ম্যানেজার। এই ঘটনার বারো দিন অভিযুক্তকে হাতেনাতে পাকড়াও করল পুলিশ। ঘটনাটি ঘটেছে উত্তরপাড়ার জে কে স্ট্রিটের একটি স্বর্ণ ঋণ প্রদানকারী সংস্থার ম্যানেজারের বিরুদ্ধে। জানা গিয়েছে, গত ২৯ ডিসেম্বর উত্তরপাড়া থানায় অভিযোগ দায়ের হয় সংস্থার পক্ষ থেকে। সেই

অডিটে গড়মূল ধরা পড়ায় দায়ের হয় লিখিত অভিযোগ। বলা হয় কোটি টাকার সোনার হিসাব নিলছে না। এরপর থেকে ম্যানেজার সঞ্জীব দত্ত খোঁজা ছিলেন। পুলিশ তাঁর খোঁজে বিভিন্ন জায়গায় তল্লাশি চালায়। শেষে একটি ফোন কলই ধরিয়ে দেয় তাঁকে। পুলিশ সূত্রে খবর, পালানোর পর থেকেই মোবাইল ফোন স্টুই অফ করেন দেন অভিযুক্ত। কিন্তু তাঁর ফোনের একটি কল লিস্ট খেঁটে দেখার পর একটি কল দেখেই সন্দেহ হয় পুলিশের। তখনই তৎপর হয় উত্তরপাড়ার থানার পুলিশ। একটি

দল গঠিত হয় অভিযুক্তকে হাতেনাতে পাকড়াও করার জন্য। এরপর দিবার উদ্দেশ্যে রওনা দেয় উত্তরপাড়া থানার পুলিশ। তবে সেখানে গিয়ে পৌঁছালেও প্রথমে হাতে আসেনি সঞ্জীব। তবে নাছোড় পুলিশ। ছেড়ে দেওয়ার পাত্র নয়। দিবার বিভিন্ন হোটেলে তল্লাশি চালাতে থাকে তারা। এরপর মঙ্গলবার সকালে সঞ্জীব দত্তকে গ্রেফতার করে পুলিশ। বিকালে উত্তরপাড়া থানায় নিয়ে আসে। স্বাস্থ্য পরীক্ষা করানো হয়। বুধবার শ্রীরামপুর আদালতে পেশ করা হয় তাঁকে।



কৃষকের কাছ থেকে সরাসরি সরকারের ধান কেনার জন্য উলুবেড়িয়ার নিমিদিঘীর কিষান মান্ডিতে ধান কেনার তদারকিতে উপস্থিত উলুবেড়িয়া ১নং ব্লকের বিডিও এইচ এম রিয়াজুল হক, উলুবেড়িয়া ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি অতিন্ত শেখর প্রামানিক,পূর্ত কর্মাধ্যক্ষ আজিজুল হক প্রমুখ।

মিডিয়া অ্যাকাউন্টে একটি পোস্ট করেন। তা নিয়ে যত বিতর্ক। সিপিএম নেতা সুজন চক্রবর্তীর নাম নিয়ে বেশ কিছু তথ্য ভুলে ধরেন তিনি। একটি সারমেয়র ছবি পোস্ট করে কিছু তথ্য ভুলে ধরা হয়। ছবির নিচে লেখা হয়, চোরের মায়ের বড় গলা। সিপিএম নেতাকে লক্ষ্য করে এই আক্রমণ মুহূর্তের মধ্যে ছড়িয়ে যায় সোশ্যাল মিডিয়ায়। সেই পোস্টে অপরূপা দাবি করেন, সুজন চক্রবর্তীর বাড়িতে একটি পোষা ছিল। সেই সারমেয় বামহস্ট স সরকারের আমলে পুলিশ নিগ স্কোয়াডে চাকরি করত। ডগ অনুযায়ী সারমেয়দের মালিককে এক্ষেত্রে বেতন দেওয়া হয়। অপরূপা এরপর দাবি করেন, সেই সারমেয় পেনশন পেতেন। সারমেয়

বেতন এবং পেনশন নিতেন সুজন চক্রবর্তী বলে দাবি করেন তিনি। যদিও গোটা অভিযোগের মধ্যে কোথাও সুজন চক্রবর্তীর ছবি তিনি ব্যবহার করেননি। তবে অনেকেই মনে করছেন সিপিএম নেতা সুজন চক্রবর্তীর উদ্দেশ্যে তিনি এই পোস্ট করেছেন। যদিও তাঁর তোলা পোস্টের পরিপ্রেক্ষিতে সিপিএম নেতা সুজন চক্রবর্তীর সঙ্গে তরফে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। দুর্নীতি সহ একাধিক বিষয়ে তৃণমূল কংগ্রেসকে আক্রমণ করেছেন সিপিএম নেতা সুজন চক্রবর্তী। সেই প্রেক্ষিতেই সিপিএম নেতাকে পালটা সোশ্যাল মিডিয়ায় আক্রমণ তৃণমূল সাংসদের বলেই ধারণা রাজনৈতিক মহলে।

পুলিশের তৎপরতায় উদ্ধার দুটি সোনার কানের দুল দক্ষিণ বারাশত থেকে, ধৃত দুই

উজ্জ্বল বন্দোপাধ্যায়, জয়নগরঃ জয়নগর থানার পুলিশের ধারাবাহিক সাফল্য চলছে। পুলিশের তৎপরতায় উদ্ধার প্রভারিতের গহনা। ধৃত দুই প্রতারক। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেল, গত ৭ ই জানুয়ারির সকালে জয়নগর থানার দক্ষিণ বারাশত মগরাহাট মোড়ে দুই যুবক সাউথ গড়িয়া খাড়া পাতালিয়ার অর্চনা চট্টা নামে এক বয়স্ক মহিলাকে মগরাহাট মোড়ে একা পেয়ে তাঁকে টাকার একটি বান্ডিল ধরিয়ে ঐ মহিলার কাছে থাকা দুটি সোনার কানের দুল নিয়ে চম্পট দেয়। মহিলা টাকা বান্ডিল খুলে দেখে বান্ডিলের ওপর ও তলায় দুটি ৫০০ টাকার নোট থাকলেও ভেতরে সব সাদা কাগজ। তিনি প্রভারিত হয়ে জয়নগর থানার দ্বারস্থ হয়। এর পরে জয়নগর থানার আই সি পার্থ সাধ্বি পালের নির্দেশে এস আই সায়েন ভট্টাচার্য



তদন্তে নেমে ওই দিনই সিসিটিভি ক্যামেরার সুঃ ধরে দক্ষিণ বারাশত বাজার এলাকা থেকে দুই যুবককে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে। ধৃত দুই জন হল আলি হোসেন মোল্লা,বাডি জয়নগর থানার দক্ষিণ বারাশত রমাকান্তবাটি এলাকায় ও সইদুল মন্ডল, বাডি মগরাহাট থানার রামনগর লস্কর পাড়া এলাকার। ধৃতদের গত ৮ ই জানুয়ারি জয়নগর থানা থেকে

বাকুইপুর মহকুমা আদালতে পাঠানো হলে বিচারক ৫ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।আর নিজেদের হেফাজতে নিয়ে পুলিশ ৯ জনের বাকুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।আর পুলিশের এই কাজে খুশি প্রভারিত ঐ মহিলা।

KOLKATA MUNICIPAL CORPORATION &TENDER	
ABRIDGED NIT	
The Executive Engineer (Civil), Borough-IX, KMC invites tender online percentage rate two bid system for the following work :- NIT No. : KMC/IX/080/043/2023-2024 Name of work : Restoration of I.P Footpath at Garden Reach Road and Dumayun Avenue in Ward No.80. Estimated Amount (Incl. GST & CESS) : Rs.2,14,435.24. Earnest Money : Rs.4,300.00. Period of Completion : 15 Days. Last date and time of submission of bid : 24.01.2024 at 12 noon. Tender will be opened on : 27.01.2024 at 12 noon. The bid forms and other details are available on and from 11.01.2024 at 5 p.m. from the website https://tender.wb.nic.in	2. NIT No. : KMC/EE(C)/Br-IV/027/034/2023-2024/R Name of work : Supplying, fitting, fixing inspection pit cover, catch pit cover at Duff Street, Madan Mitra Lane and other places in Ward No.27. Estimated Cost (Including GST & CESS) : Rs.1,68,946.74. Earnest Money : Rs.3,400.00. Period of Completion : 21 Days. Last Date and Time of submission of Bid : 25.01.2024 at 11 a.m. (for SI.No.1 & 2). The tender will be opened on : 27.01.2024 at 11 a.m. (for SI.No. 1 & 2). The bid forms and other details are available on and from 13.01.2024 at 5 p.m. (for SI.No.1 & 2). The website https://tender.wb.nic.in (for SI.No.1 & 2).
The Executive Engineer (Civil), Borough-X, KMC invites online percentage rate tenders in two bid system for the following works :- 1. NIT No. : X/098/026/2023-2024/BUSTEE Name of work : Construction of Manhole, Catchpit and other allied works near 8/1 Netaji Nagar Colony etc. (Slum and Colony Places) in Ward-98, Br.-X. Estimated Value (Incl. GST & CESS) : Rs.1,77,749.00. Earnest Money : Rs.3,560.00. Time of Completion : 90 Days. 2. NIT No. : X/099/027/2023-2024/D Name of work : Restoration of Asphaltum Road Surface and IPS Passage disturbed by W.S. Dept. near Premises No.2/165 Sree Colony, 18/1 Lotus Park etc. in Ward No.99, Br.-X. Estimated Cost (Incl. GST & CESS) : Rs.3,29,639.70. Earnest Money : Rs.6,600.00. 3. NIT No. : X/099/028/2023-2024/D Name of work : Restoration of Asphaltum Road Surface and IPS Passage disturbed by W.S. Dept. near Premises No. 65 Jorabagan, 3/143 Vidyasagar etc. in Ward No.99, Br.-X. Estimated Cost (Incl. GST & CESS) : Rs.3,07,989.05. Earnest Money : Rs.6,200.00. Period of Completion : 75 Days (for SI.No.2 & 3). Last Date and Time of submission of Bid : 29.01.2024 at 12 noon (for SI.No.1 to 3). Date and Time of Opening of Bid : 31.01.2024 at 12 noon (for SI.No. 1 to 3). The Bid forms and other details are available on and from 11.01.2024 from 5 p.m. (for SI.No.1) and 16.01.2024 at 5 p.m. (for SI.No. 2 & 3). The website https://etender.wb.nic.in (for SI.No. 1 to 3).	The Executive Engineer (Civil), Br-V invites tender online percentage rate two bid system for following work :- NIT No. : KMC/EE(C)/Br-KMC/EE(C)/Br-V/043/40/2023-2024 / Name of work : Restoration of I.P.S. Passage with Ancillary Work at 32, Harin Bari Lane to 12 Kalutola Lane cutting by W/S Deptt. in Ward No.43. Estimated Cost (Incl. GST & CESS) : Rs.4,15,067.48. Earnest Money : Rs.9,000.00. Period of Completion : 21 Days. Last Date and Time of submission of Bid : 25.01.2024 at 11 a.m. Date and Time of opening of Tender : 27.01.2024 at 11 a.m. The bid forms and other details are available on and from 09.01.2024 at 5 p.m. from the website https://etender.wb.nic.in
The Executive Engineer (Civil)/Br-VIII, KMC invites E-tender online percentage rate two bid system for following work :- NIT No. : KMC/EE(C)/BR-VIII/083/04/2023-2024/R Name of work : Repair and maintenance of School Building of Deshbandhu Balika Vidyalaya at 58A Sadananda Road (Kallighat), Kolkata-700 026. Estimated Cost (Including GST & CESS) : Rs.4,64,801.10. Earnest Money : Rs.9,300.00. Period of Completion : 90 Days. Last Date and Time of submission of Bid : 25.01.2024 at 12 noon. Date of opening of tender : 30.01.2024 at 12 noon. The bid forms and other details are available on and from 15.01.2024 at 5 p.m. from the website https://etender.wb.nic.in	The Executive Engineer (Civil)/Br-VII, KMC (9/1A, AJC Bose Road, Kol-17) invites tender online percentage rate two bid system for following works :- 1. NIT No. : KMC/EEC/VII/64/23/23-24/B Name of work : Repairing of Bustee Toilets at 160,161 etc. Karaya Road, 72, 70 etc. Tijjala Road and surrounding bustee areas in Ward No.64. Estimated Cost (Incl. GST & CESS) : Rs.2,85,255.39. Earnest Money : Rs.5,800.00. Period of Completion : 60 Days. 2. NIT No. : KMC/EEC/VII/64/22/23-24/B Name of work : Repairing of Bustee Passages at 17, 19 etc. Beck Bagan Row,160, 161 etc. Karaya Road and its surrounding areas in Ward No.64. Estimated Cost (Incl. GST & CESS) : Rs.2,91,556.44. Earnest Money : Rs.5,900.00. Period of Completion : 45 Days. 3. NIT No. : KMC/EEC/VII/57/55/23-24/R Name of work : Construction of Catch Pit at Metropoltan and its surrounding in Ward-57. Estimated Cost (Incl. GST & CESS) : Rs.2,97,066.71. Earnest Money : Rs.6,000.00. Period of Completion : 30 Days (for SI.No. 3 to 5). Last Date and Time of submission of Bid : 24.01.2024 upto 12 noon (for SI.No. 1 to 5). Tender will be opened on 27.01.2024 at 12 noon (for SI.No. 1 to 5). The Bid forms and other details are available on and from 09.01.2024 at 6.55 p.m. (for SI.No. 1 to 5). The website https://etender.wb.nic.in (for SI.No. 1 to 5).
The Executive Engineer (Civil), Borough-IV, KMC invites E-tender online percentage rate two bid system for following works :- 1. NIT No. : KMC/EE(C)/Br-IV/026/E89/23-24/R Name of work : Re-construction of road surface at Simla Street (Dr. Narayan Roy Sarani) in Ward No.-26 under Borough-IV. Estimated Cost (including GST & CESS) : Rs.4,81,456.60. Earnest Money : Rs.9,650.00. Period of Completion : 30 Days.	4. NIT No. : KMC/EEC/VII/57/18/23-24/B Name of work : Repairing of Bustee Passage at Hatipara and its surrounding in Ward-57. Estimated Cost (Incl. GST & CESS) : Rs.2,89,155.85. Earnest Money : Rs.5,800.00. 5. NIT No. : KMC/EEC/VII/57/26/23-24/B Name of work : Repairing of Bustee Passage at 3/20, 4, R.R.G and its surrounding in Ward-57. Estimated Cost (Incl. GST & CESS) : Rs.2,97,066.71. Earnest Money : Rs.6,000.00. Period of Completion : 30 Days (for SI.No. 3 to 5). Last Date and Time of submission of Bid : 24.01.2024 upto 12 noon (for SI.No. 1 to 5). Tender will be opened on 27.01.2024 at 12 noon (for SI.No. 1 to 5). The Bid forms and other details are available on and from 09.01.2024 at 6.55 p.m. (for SI.No. 1 to 5). The website https://etender.wb.nic.in (for SI.No. 1 to 5).

নাসিকে ২৭-তম জাতীয় যুব মহোৎসব উদ্বোধনে প্রধানমন্ত্রী

ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকা থেকে আটক পাচারকারী

দক্ষিণ দিনাজপুর, ১০ জানুয়ারিঃ দক্ষিণ দিনাজপুরের ভারত-বাংলাদেশ সীমান্তে মোতায়েন উত্তরবঙ্গ সীমান্তের রায়গঞ্জ সেক্টরের অধীনে ৯১ ব্যাটালিয়ন বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ) বিওপি ডোমুখার জওয়ানরা নিষিদ্ধ কাশির সিরাপ সহ এক ভারতীয় নাগরিককে আটক করেছে। আটক ভারতীয়ের নাম রফিকুল ইসলাম (৩৩)। বুধবার বিএসএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। প্রাপ্ত তথ্যে জানা গেছে, সীমান্ত এলাকার রফিকুল তার বাইকে সন্দেহজনকভাবে যোগাধুরি করার সময় তাকে আটক করা হয়। তল্লাশি করে তার কাছ থেকে ৫৮ বোতল নিষিদ্ধ কাশির সিরাপ উদ্ধার করা হয়।



কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের ভারত স্বেচ্ছাসেবকরা ভারতের সহযোগিতায় সারাদেশে আমার জন্য স্বেচ্ছাসেবী কার্যক্রম পরিচালনা

করতে তাদের শক্তির সমন্বয় করবে। ৮৮,০০০ এরও বেশি স্বেচ্ছাসেবক এই অনুষ্ঠানে অংশ নেবেন। আগামী ১২ জানুয়ারী দেশের প্রধান শহর এবং ৭৫০টি জেলা সদরে সড়ক নিরাপত্তা সচেতনতা কর্মসূচির আয়োজন করা হবে। এই কর্মসূচির কারণে স্বেচ্ছাসেবকদের ট্রাফিক চোক পয়েন্টে ট্রাফিক পরিচালনা এবং সড়ক নিরাপত্তা সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য মোতায়েন করা হবে।

রামমন্দিরে প্রাণ প্রতিষ্ঠার আমন্ত্রণ প্রত্যাখ্যান করেছে কংগ্রেস

নয়াদিল্লি, ১০ জানুয়ারি : অযোধ্যায় রামমন্দিরের প্রাণ প্রতিষ্ঠার আমন্ত্রণ প্রত্যাখ্যান করেছে কংগ্রেস। বুধবার কংগ্রেস দলের তরফে জানানো হয়েছে যে, রামলালার প্রাণ প্রতিষ্ঠার অনুষ্ঠান আসলে বিজেপি এবং রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের একটি কর্মসূচী শ্রী রাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টের পক্ষ থেকে রামলালার অভিশপে অনুষ্ঠানের জন্য কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাডগে, প্রবীণ নেত্রী সেনিয়া গান্ধী এবং অধীর রঞ্জন চৌধুরীকে আমন্ত্রণ জানানো হয়েছিল। কংগ্রেসের সাধারণ সম্পাদক জয়রাম রামেশ বুধবার এক বিবৃতিতে জানিয়েছেন,

কংগ্রেস নেত্রী সেনিয়া গান্ধী, মল্লিকার্জুন খাডগে এবং অধীর রঞ্জন চৌধুরী সম্মানের সঙ্গে এই আমন্ত্রণ প্রত্যাখ্যান করছেন, কারণ এই অনুষ্ঠানটি স্পষ্টতই একটি আরএসএস-বিজেপির অনুষ্ঠান। জয়রাম রামেশ আরও বলেন, দেশের লক্ষ লক্ষ মানুষের রামের প্রতি আস্থা আছে। ধর্ম একটি ব্যক্তিগত বিষয়। রমেশ অভিযোগ করে আরও বলেন, বিজেপি এবং আরএসএস বছরের পর বছর ধরে রাম মন্দির নির্মাণকে রাজনৈতিক প্রকল্পে পরিণত করেছে। রাজনৈতিক উদ্দেশ্যে সম্পদের জন্য অসম্পূর্ণভাবে নির্মিত মন্দির উদ্বোধন করা হচ্ছে।

নিতু কাপুরের সঙ্গে সম্পর্কে অবনতি
আলিয়ার **দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ** বাবা ঋষি কাপুরের সঙ্গে ছোটবেলায় বৃহত্তরৈ হওয়ার কারণে মা নিতুকেই আঁকড়ে ধরেছিলেন রণবীরা। সেই থেকে মা-ছেলের সম্পর্ক অটুট। একটা সময় রণবীরের প্রেমিকাদের একজনকেও পছন্দ করেননি নিতু। তাই একের পর-এক সম্পর্ক ভেঙেছে ছেলের। আলিয়া ভাটের সঙ্গে সম্পর্ক তৈরি হওয়ার পর তাকে নিয়ে যদিও সমস্যা তৈরি করেননি প্রবীণ অভিনেত্রী। তাই আলিয়াকেই বিয়ে করেছেন রণবীরা। সেই আলিয়ার সঙ্গেও নাকি সম্পর্ক তলানিতে এসে ঠেকেছে নিতুর। অন্তত তেমনটাই বলছে নেটপাড়া সম্প্রতি ‘অ্যানিম্যাল’ ছবির সাকসেস পাটিতে সপরিবারে হাজির হয়েছিলেন রণবীরা কাপুর।

ত্রিপুরায় ধান ক্রয়ের ক্ষেত্রে এফসিআইএর সরাসরি কোনও ভূমিকা নেই খাদ্যমন্ত্রী



আগরতলা, ১০ জানুয়ারিঃ ত্রিপুরায় ধান ক্রয়ের ক্ষেত্রে এফসিআইএর সরাসরি কোনও ভূমিকা নেই। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে বিধায়ক জিতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের উত্তরে বুধবার লিখিতভাবে

খাদ্য ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী এই তথ্য জানান। খাদ্যমন্ত্রীর দেওয়া তথ্য মোতাবেক জানা গিয়েছে, গত ২০২০-২১, ২০২১-২২ এবং ২০২২-২৩ এই তিনটি অর্থবছরে

রবি ও খারিফ মরশুমে সরকারি ভাবে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে মোট ১ লক্ষ ৩১ হাজার ২৭৯ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে। এতে রাজ্যে মোট ৬৭ হাজার ১৭৮ জন কৃষক উপকৃত হন। খাদ্যমন্ত্রী জানান, কেন্দ্রীয় সরকারের ডিসেন্ট্রালাইজড প্রকিউরমেন্ট পদ্ধতিতে রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করে এবং এমপেনেড বিলার দ্বারা মিলিয়ে কল্পে উৎপাদিত চাল গণবন্টন ব্যবস্থার মাধ্যমে বিতরণ করে। তিনি জানান, কেন্দ্রীয় সরকার রাজ্যের গণবন্টনের জন্য বার্ষিক যে পরিমাণ চাল এফসিআই-এর মাধ্যমে প্রদান করে তার সঙ্গে প্রকিুরমেন্ট থেকে প্রাপ্ত চাল অ্যাডজাস্টমেন্ট করা হয়।

কুমারঘাটে পুলিশের নাকা চেকিংয়ে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে চালকের মর্মান্তিক মৃত্যু

কুমারঘাট, ১০ জানুয়ারিঃ বুধবার ভোরে ত্রিপুরার কুমারঘাট থানাধীন একানব্বই মাইলের পুলিশের নাকা পয়েন্টে গাড়ির চাকার নিচে পড়ে মৃত্যু হল চালকের। ঘটনা বিবরণ দিয়ে কুমারঘাট থানার ওসি শংকর সাহা জানান, কুমারঘাট থানা এলাকার আসাম আগরতলা জাতীয় সড়কের একানব্বই মাইলে পুলিশের একটি নাকা পয়েন্ট রয়েছে। এই নাকা পয়েন্ট থেকেই ২৪ ঘণ্টা নজরদারি চালানো হয় পুলিশের তরফে। এদিন ভোরে একটি পাথর বোঝাই গাড়ি

আগরতলা যাবার জন্য আসে। পুলিশের নাকা পয়েন্টে এলে পুলিশ গাড়িটিকে দাঁড়ানোর জন্য বলে এবং গাড়ির প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে বলে। গাড়ির চালক বিপ্লব দাস গাড়ি চালু রেখেই গাড়ির কাগজ পত্র নিয়ে গাড়ি থেকে নেমে পড়ে। গাড়িটি যে জায়গায় রাখা ছিল সেই জায়গাটি চালু ছিল। গাড়ির চালক যখন পুলিশকে কাগজপত্র দেখাচ্ছিল সেই সময় গাড়িটি পেছন দিকে যেতে শুরু করে। চালকহীন গাড়ি পুলিশের নাকা পয়েন্ট এবং পুলিশ গাড়িতে

ও থাকা নেয়। এ সময় গাড়ির চালক ছুটে গিয়ে গাড়িতে উঠতে গেলেই বাঁয়ে বিপত্তি। চালক হঠাৎ করেই গাড়ির চাকার নিচে পড়ে যায়। পরে পুলিশ কবীরা উপস্থিত হয়ে চালককে গাড়ির নীচ থেকে উদ্ধার করে কুমারঘাট হাসপাতালে নিয়ে এলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ৩৫ বছর বয়সি বিপ্লব দাসকে মৃত বলে ঘোষণা করেন। মৃত গাড়ির চালকের বাড়ি কুমারঘাট থানাধীন আশ্রমপল্লি এলাকাতে। এই ঘটনায় এলাকায় নেমে এসেছে গভীর শোকের ছায়া।

দূর্গাপুরে পৌঁছাল বিকশিত ভারত সঙ্কল্প যাত্রা

দূর্গাপুর, ১০ জানুয়ারি : কেন্দ্রীয় সরকারের জনমুখী প্রকল্প সাধারণ মানুষের কাছে পৌঁছাতে বিকশিত ভারত সঙ্কল্প যাত্রা শুরু হয়। আর ওই সঙ্কল্প যাত্রার ট্যাবলো পৌঁছালো শিল্পশহর দূর্গাপুরে। বুধবার দূর্গাপুর ৪ নং ওয়ার্ড নতুনপল্লী এলাকায় বিকশিত ভারত সঙ্কল্প যাত্রার সঙ্গে এক শিবির করা হয়। সেখানে কেন্দ্রীয় সরকারে বিভিন্ন প্রকল্পের সুবিধা প্রদানের জন্য বিভিন্ন ব্যাঙ্ক ও গ্যাস সংস্থাগুলির বিশেষ স্টল রাখা হয়। এদিন ওই শিবিরের উদ্বোধন করেন সাংসদ সুবিন্দর সিং আলুওয়ালিয়া। প্রসঙ্গত, গত ২০২৩ সালের ১৫ নভেম্বর ব্যাডখন্ড থেকে বিকশিত ভারত সঙ্কল্প যাত্রার সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উদ্দেশ্য, ‘বিকশিত ভারত সঙ্কল্প যাত্রা’ দেশের বিভিন্ন প্রান্তে সাধারণ মানুষের কাছে কেন্দ্রীয় সরকারের প্রকল্পের সুবিধা



পৌঁছানো। বিশেষ সুসজ্জিত ট্যাবলো। তাতে জয়েন্ট ফ্রিনে দেখানো সম্প্রচার করা হচ্ছে বিভিন্ন যোজনা। একই সঙ্গে এলাকা ভিত্তিক শিবির করা হচ্ছে। সেখানে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক থাকছে। তারের মাধ্যমে জনধননয়োজনা, মুদ্রা যোজনা সহ বিভিন্ন যোজনার

সুবিধা উপলব্ধি করছে। এছাড়া গ্যাস সংস্থাগুলির মাধ্যমে উজ্জ্বলা যোজনার সংযোগ সুবিধা সহজে নিতে পারছে সাধারণ গরিব মানুষ। এছাড়াও কেন্দ্রীয় কৃষি বিজ্ঞানকেন্দ্রের স্টল রয়েছে। তাতে কেন্দ্রীয় সরকারের কৃষি বিকাশ যোজনার সুবিধা জানতে পারছে।

বুধবার দূর্গাপুর নতুনপল্লীর শিবিরে ২১০ জন জনধন যোজনায় অ্যাকাউন্ট করেছেন। ২৮০ জন জীনজ্যোতি বিমায় নাম তুলিয়েছেন। ২৯০ জন প্রধানমন্ত্রী সমৃদ্ধি যোজনায় নাম তুলিয়েছেন। ৩৯ জন অটল পেনশন যোজনায় ভাড়া তৈরী করেছেন। এছাড়াও ৬ জন মুদ্রা যোজনার ঋণ পেয়েছেন। ৬৯০ জন উজ্জ্বলা যোজনায় আবেদন করেছেন। মুদ্রা যোজনার ঋণ পাওয়া সৈয়দ কামাল জানান, দূর্গাপুর তানসেনে জলৌষধি ঔষধের দোকান আছে। আজ এসবিআই আবেদন করা মাত্রই সহজে সাড়ে ৫ লাখ টাকার মুদ্রা লোন পেয়েছি। খুব ভাল লাগছে। লোন পেতে কোন সমস্যা হল না। স্বচ্ছতার সঙ্গে এছাড়াও এক কথায় সঙ্কল্প যাত্রার ট্যাবলো যাকে মোদী কী গ্যারাণ্টি কী গার্ডি’ বলা হচ্ছে। ওই গাড়ি যেখানেই পৌঁছচ্ছে, সেখানেই

দামছড়ায় ভাল্লুকের আক্রমণে গুরুতর আহত দুই

কাঞ্চনপুর, ১০ জানুয়ারি : ফের ভাল্লুকের আক্রমণে গুরুতর আহত হয়েছেন তিনজন। এর মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। ওই ব্যক্তিকে আগরতলায় জিবি হাসপাতালে ভর্তি করানো হয়েছে। ঘটনাটি ঘটেছে উত্তর ত্রিপুরা জেলার দামছড়ায়। জিবি হাসপাতালে চিকিৎসাধীন ব্যক্তির নাম অমিতাভ রিয়াং। রিয়াংয়ের পরিবারের লোকজন জানিয়েছেন চারজন মিলে বাড়ি থেকে কিছু দূরে জঙ্গলে জুম চাষের জন্য জঙ্গল পরিষ্কার করতে গিয়েছিলেন তারা। সেখানে কাজ করার সময় আচমকা একটি ভাল্লুক এসে আক্রমণ করে। তিনজনকে এলোপাতাড়ি কামড় দিতে থাকে। তাদের চিৎকার চোচামেচি শুনে অ্যান্যান্য লোকজন সেখানে ছুটে যায়। রক্তাক্ত অবস্থায় তিনজনকে স্থানীয় হাসপাতালে নিয়ে যায়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর অমিতাভ রিয়াংকে আগরতলায় জিবি হাসপাতালে রেফার করা হয়। বাকি দুজনের চিকিৎসা চলছে দামছড়াতেই। ঘটনাকে কেন্দ্র করে এলাকার আতঙ্কে পরিব্রস্ত সৃষ্টি হয়েছে। জুমিয়ারা জুমচাষের জন্য জঙ্গলে যেতে ভয় পাচ্ছেন।

মুসলিম শিশুকে কোলে তুলে আদর যোগীর, খাওয়ালেন নিজের হাতে!

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ নিজের নির্বাচনী কেন্দ্র গোরক্ষপুরে এক অনুষ্ঠানে মুসলিম শিশুকে আদর করে তুলে নিলেন কোলো। খাওয়ালেন নিজের হাতে।ঘটনাটি ঘটেছে রবিবার। দু’দিনের সফরে নিজের নির্বাচনী কেন্দ্র গোরক্ষপুরে গিয়েছিলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী। রাষ্ট্রাঙ্গনগরে শিশুদের একটি অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন যোগী। সেখানে আসা শিশুদের মাঝে মিশে যেতে দেখা গেল তাকে। নিজের হাতে শিশুদের খাবার দিতে দেখা যায় মুখ্যমন্ত্রীকে। সেই সঙ্গে তাদের শারীরিক অবস্থা সন্দেহে খোঁজ নেন। রাষ্ট্রাঙ্গনগরের শিশুদের অনুষ্ঠানে এক মুসলিম মহিলা হাজির হয়েছিলেন তাঁর কয়েকে। তা দেখে মহিলার কাছে এগিয়ে আসেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী। শিশুটিকে আদর করে নিজের কোলে তুলে নিয়েছিলেন তিনি। আর করার পাশাপাশি শিশুটিকে খাইয়ে দিয়েছিলেন। মুসলিমরা এই মানসিক মুখ দেখে আবেগাপূ্ত হয়ে পড়েন শিশুটির মা। তাঁর দুই চোখে বেয়ে গড়িয়ে পড়ে আনন্দের অশ্রু। উল্লেখ্য, চলতি বছরেই লোকসভা ভোটা। এখন থেকে দলীয় নেতা-কর্মীদের জনসংযোগে নেমে পড়ার জন্য নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈধ দিয়েছেন ৪০০ আসনের টার্গেট। সেই উপলক্ষ্যে নিজের নির্বাচনী কেন্দ্রে যোগীর সফর বলে মনে করা হচ্ছে। শিশুদের অনুষ্ঠানে যোগ দেওয়ার পাশাপাশি বেশ কয়েকটি রাজনৈতিক সভা করেছেন যোগী।হিন্দু ভোট নিয়ে সমস্যা না থাকলেও, মুসলিমদের আস্থা এখনও অর্জন করতে পারেনি বিজেপি।

১৩টি কর্মীযুক্ত লেভেল ক্রসিং গেট অপসারণ



মালিগাঁও, ১০ জানুয়ারিঃ রেলমন্ত্রকের সমস্ত লেভেল ক্রসিং (এলসি) গেট অপসারণ নীতির সাথে সঙ্গতি রেখে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে নিজেরদের জোনের মধ্যে কর্মীযুক্ত লেভেল ক্রসিং গেটগুলিতে সুরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার উপর ধারাবাহিকভাবে গুরুত্ব দিয়ে চলেছে। এই সম্পর্কে জোনটিতে পথচারীদের মধ্যে সতর্কতা ও সচেতনতা ছড়িয়ে দিতে একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে পর্যায়ক্রমিকভাবে কর্মীযুক্ত লেভেল ক্রসিং গেটগুলি অপসারণ করার কাজ চালানো হচ্ছে এবং এই কাজ খুব দ্রুত এগাচ্ছে। বর্তমান অর্থবর্ষের ৬১ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত মোট ১৩টি কর্মীযুক্ত লেভেল ক্রসিং গেট অপসারণ করা হয়েছে। ০৫টি রোড ওভার ব্রিজ নির্মাণ করা হয়েছে এবং লেভেল ক্রসিং গেটের পরিবর্তে পথক রুটের মাধ্যমে ০৮টি উইভারপন দেখাও হয়েছে। অসমের নগাঁওয়ে ০৪টি এবং যোরহাট, শোণিতপুর, লখিমপুর, নলবাড়ি, চিরাগ ও মরিগাঁও জেলায় একটিটি এলসি গেট অপসারণ করা হয়েছে। পশ্চিমবঙ্গের মালদা জেলায় ০২টি এলসি গেট অপসারণ করা হয়েছে। এছাড়াও ওই সময়ের মধ্যে বিহারের কাষ্টিহার জেলায় ০১টি এলসি গেট অপসারণ করা হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে বিধিবদ্ধ সতর্কবাণী সহ সতর্কতাধীনজৈব বোর্ড স্থাপন করে লেভেল ক্রসিং গেটগুলিতে সুরক্ষা শক্তিশালী করে আসছে। ট্রেন প্রবেশ করার সময় রেল গেট বন্ধ রাখার বোর্ডে উল্লেখ করা থাকে। এছাড়া এই জোনটি লেভেল ক্রসিং গেটগুলিতে নিজদের সুরক্ষার থাকা নিয়মনীতি পালনের গুরুত্ব সম্পর্কে সতর্ক করতে পথচারীদের মধ্যে সচেতনতা অভিযানও চালিয়ে আসছে।

মন্ত্রিসভায় রদবদলের আগেই পদত্যাগ করলেন ফ্রান্সের প্রধানমন্ত্রী

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ চলতি বছরের মাঝামাঝি ইউরোপিয়ান নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা।, গুঞ্জন শোনা যাচ্ছিল তার আগে মন্ত্রিসভায় রদবদল করতে পারেনি মার্ক। তার ঠিক আগেই পদত্যাগ করলেন ফ্রান্সের প্রধানমন্ত্রী এলিজাবেথ বর্ন। সোমবার তাঁর পদত্যাগপত্র গ্রহণ করেছেন প্রেসিডেন্ট এমাম্যুয়েল মার্ক।

তবে নতুন প্রধানমন্ত্রী নির্বাচিত না হওয়া পর্যন্ত দায়িত্ব সামলাবেন এলিজাবেথ।এলিজাবেথকে ধন্যবাদ জানিয়ে মার্ক তার এক্স (পূর্বতন টুইটার) হ্যাণ্ডেলে লিখেছেন, ‘ম্যাডাম প্রধানমন্ত্রী, প্রিয় এলিজাবেথ, দেশের স্বার্থে তোমার কাজ দৃষ্টান্তমূলক।

নাম পরিবর্তন
আমি, Abdul Jahir Mondal এবং Md Abdul Jahed Mondal (পুরাতন নাম) পিতা Attappudin Mandal, টিকানা- Vill P.O.- Kalinagar, P.S.- Sandeshkhali, Dist- North24 Pgs, Pin- 743442, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ০৮/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Abdul Jaher Mondal (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Abdul Jaher Mandal (নতুন নাম)
Abdul Jahir Mondal এবং Md Abdul Jahed Mondal (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Sanat Kumar Dey (পুরাতন নাম) পিতা Late Fakir Chandra Dey, টিকানা- Flat- 3, 521, Baishnab Ghata Patuli, P.S.- Patuli, Kolkata- 700094, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, স্বাক্ষরঃ ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Sanat Kumar Dey (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Sanat Kumar Dey (নতুন নাম) এবং Sanat Kumar Dey (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Anthony Thomas (পুরাতন নাম) পিতা Bipin Peter Thomas, টিকানা- Bowbazar Sarat Sarani, Krishnagar, Dist- Nadia, Pin- 741101, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Bishal Anthony Thomas (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Bishal Anthony Thomas (নতুন নাম) এবং Anthony Thomas (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Quazi Badryzzaman এবং Quazi Badruzzaman (পুরাতন নাম) পিতা Q Fayeuddin Ahmed, টিকানা-Vill- Katiahat, P.O.- Katiathat, P.S.- Baduria, Dist- North 24 Pgs, Pin- 743427, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Q Badaruzzaman (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Q Badaruzzaman (নতুন নাম)
Quazi Badryzzaman এবং Quazi Badruzzaman (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Zeeshan (পুরাতন নাম) পিতা Md Sarfu, টিকানা- ৪১, Jannagar Road, P.O.- Circus Avenue, P.S.- Beniapukur, Kolkata- 700017, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Mohammed Zeeshan (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Mohammed Zeeshan (নতুন নাম) এবং Zeeshan (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Prem Kumar Hela (পুরাতন নাম) পিতা Prem Kumar Hela, টিকানা- 33A, Sharif Lane, Park Street, Kolkata- 700016, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Salman Farsi (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Salman Farsi (নতুন নাম) এবং Prem Kumar Hela (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Shayamal Kumar Sur (পুরাতন নাম) পিতা Ajit Chandra Sur, টিকানা- Vivakanda Enclave- A, Belur Station Road, Kumillapara Club, Kumillapara Sapiupara, Dist- Howrah, Pin- 711206, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Shayamal Kumar Sur (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Shayamal Kumar Sur (নতুন নাম) এবং Shayamal Kumar Sur (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি সুভাষ চন্দ্র পট্টক (old name) পিতা স্বর্গীয় সুধীর কৃষ্ণ পট্টক টিকানা ১৮৮, মেম নাথ সাহা সার্বি, নিউ ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ৭০০ ১০১ নোটারি পাবলিক সিটি সিভিল পেকট এর Affidavit দ্বারা সুভাষ পট্টক (new name) নামে পরিচিত হল।।
Affidavit No. 5 dated ০১/০১/২০২৪।
সুভাষ চন্দ্র পট্টক (old name) এবং সুভাষ পট্টক (new name) একই ব্যক্তি।

নাম পরিবর্তন
আমি, Prosenjit Bawali (পুরাতন নাম) পিতা Tarapada Bawali, টিকানা- VILL.- Kashipur, P.O.- Berbari, P.S.- Bagdah, North 24 Parganas, Pin- 743270, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/১ ২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Prosenjit Bawali (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Prosenjit Bawali (নতুন নাম) এবং Prosenjit Bawali (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Ramesh Pal (পুরাতন নাম) পিতা Tulshi Charan Pal, টিকানা- Majumdar Para, Rajpur Sonarpur, Narendrapur, Dist- South 24 Parganas, Pin- 700103, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Ramesh Chandra Pal (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Ramesh Chandra Pal (নতুন নাম) এবং Ramesh Pal (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Tamanna Begum এবং Tamanna Parveen (পুরাতন নাম) স্বামী Shadab Shakeel, টিকানা- 17/1, Girish Vidyaratna Lane, Amherst Street, Kolkata- 700009, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Tamanna Seraj (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Tamanna Seraj (নতুন নাম) এবং Tamanna Begum একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Gajjala Parveen (পুরাতন নাম) স্বামী Tarique Noor, পিতা Mohammed Hasibul Rahman, টিকানা- ৩৫/৩১, Topsis Road, P.S.- Tiljala, Kolkata- 70003৯., West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Gazala Parveen (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Gazala Parveen (নতুন নাম) এবং Gajjala Parveen (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, Jamuna Das Thakkar এবং Jamuna Das Thakker (পুরাতন নাম) পিতা Late Narayanji Thakkar, টিকানা- P-6 Dr. A.K Paul Road, 3rd Floor, Flat No- 302, Kolkata- 700034, West Bengal, India, কলকাতায় নোটারি পাবলিক, Dated ১০/০১/২০২৪ এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে Jamunadas Narayanji Thakkar (নতুন নাম) নামে পরিচিত হলাম।
Jamunadas Narayanji Thakkar (নতুন নাম) এবং Jamuna Das Thakkar এবং Jamuna Das Thakker (পুরাতন নাম) একই ব্যক্তি ।

নাম পরিবর্তন
আমি, I.GOPAL PRAMANIK SON OF HARI-PADA PRAMANIK, RESIDING AT VILL- GANGABAS, PO-AMGHATA,PS-KOTV- ALI,KRISHNAGAR, DISTRICT - NADIA,PIN-741315,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS GOPAL PRAMANIK VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/01/2024.THAT GOPAL PRAMANIK ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

নাম পরিবর্তন
আমি, I KALKUL NANDAN, W/O SANJIB NANDAN, D/O DILIP DUTTA, R/O 47A, PEARY MOHAN ROY ROAD, PO ALIPORE, KOLKATA -700027, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MOHUA DUTTA, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024. KALKULI NANDAN AND MOHUA DUTTA SAME AND ONE IDENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি, I DEBOPRIYA MITRA,SON OF DILIP KUMAR MITRA, RESIDING AT FLAT A/3,SURAH EAST ROAD,BELEGHATA, KOLKATA - 700010,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS DEBAPRIYA MITRA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024.THAT DEBOPRIYA MITRA AND DEBAPRIYA MITRA:ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

নাম পরিবর্তন
আমি, I DEBOPRIYA MITRA,SON OF DILIP KUMAR MITRA, RESIDING AT FLAT A/3,SURAH EAST ROAD,BELEGHATA, KOLKATA - 700010,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS DEBAPRIYA MITRA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024.THAT DEBOPRIYA MITRA AND DEBAPRIYA MITRA:ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

নাম পরিবর্তন
আমি, I SIKHA CHAKRABARTY, /W/O DIPAK BHATTACHARJEE, R/O 41/187, DWARIK JUNGLE, BYE LANE, KON- NAGAR, HOOGHLY -712235 ,WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SIKHA BHATTACHARJEE, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024, SIKHA CHAKRABARTY AND SIKHA BHAT- TACHARJEE SAME AND ONE IDENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি, I SUSANTA CHAKRABORTY, S/O DIPAK BHATTACHARJEE, R/O 41/187, DWARIK JUNGLE, BYE LANE, KON- NAGAR, HOOGHLY -712235, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUSANTA BHATTACHAR- JEE, VIDE AFFIDAVIT SWORN BE- FORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024, SUSANTA CHAKRABORTY AND SUSANTA BHATTACHARJEE SAME AND ONE IDENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি, I BISHUN SHAW, S/O MANGAL SHAW, R/O 100/1, KALI GOPAL MUKHERJEE ROAD,PO-KA- MARHATI, BARRACKPORE, PIN- 700058, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS BISUN SHAW, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024, BISHUN SHAW AND BISUN SHAW SAME AND ONE IDENTICAL PER- SON

নাম পরিবর্তন
আমি, I FIROZ AHAMMAD, S/O ABDUL SAT- TAR, R/O 34/1A, MUNSHI GUNGE ROAD, PO KHIDDIRPORE, PS WAT- GUNJE, KOLKATA -700023, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD FIROZ, VIDE AFFI- DAVIT SWORN BEFORE THE NO- TARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024, FIROZ AHAMMAD AND MD FIROZ SAME AND ONE INDENTI- CAL PERSON

নাম পরিবর্তন
আমি, I SUBRATA RAY, S/O SUKUMAR ROY, R/O RAM PRASAD NAGAR, M.G. ROAD, PO NIMTA, PS NIMTA, DIST BARRACKPORE, PIN-700049, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUBRATA ROY, VIDE AF- IDAVIT SWORN BEFORE THE NO- TARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024, SUBRATA RAY AND SUB- RATA ROY SAME AND ONE IDENTI- CAL PERSON

নাম পরিবর্তন
আমি, I SOMA RAY, W/O SUBRATA ROY, R/O KIT BLDS SCH B R S X , BL-3, Fl. 25, 17, BAGMARI LANE, PO KANKUR- GACHI, PS MANCKTALA, KOLKATA - 700054, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SOMA ROY, VIDE AFFIDAVIT SWORN BE- FORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024, SOMA RAY AND SOMA ROY SAME AND ONE IN- DENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি, I VAZIRA NIMUCHAWLA,WIFE OF YUSUFI MOIZ HUSSAIN, RESIDING AT 11/4A J K PAUL ROAD,ALIPORE, KOLKATA -700038,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS VIDHISHA NIMUCHAWLA VIDE AN AFFIDAVIT SWORN BE- FORE THE NOTARY PUBLIC AT CITY CIVIL COURT ON 05/01/2024.THAT VAZIRA NIMUCHAWLA AND VID- HISHA NIMUCHAWLA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PER- SON.

নাম পরিবর্তন
আমি, I DEBDAS KONER, S/O MADANMO- HAN KONAR,DOB-25/04/1996, R/O VILL NACHIPUR, PO NACHIPUR, PS TARAKESWAR, DIST HOOGHLY,PIN- 712414, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS DEB- DAS KONAR, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE 1ST CLASS JUDICIAL MAGISTRATE ALIPORE COURT ON 10/01/2024, DEBDAS KONAR AND DEBDAS KONER SAME AND ONE IDENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি, I MADAN KONER & MADAN MOHAN KONER & MADAN MOHAN KONAR,DOB-01/01/1959, R/O VILL NACHIPUR, PO NACHIPUR, PS TARAKESWAR, DIST HOOGHLY, PIN- 712414, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MADANMOHAN KONAR, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE 1ST CLASS JUDICIAL MAGIS- TRATE ALIPORE COURT ON 10/01/2024, MADAN KONER & MADAN MOHAN KONER & MADAN MOHAN KONAR SAME AND ONE IDENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি, I KALKUL NANDAN, W/O SANJIB NANDAN, D/O DILIP DUTTA, R/O 47A, PEARY MOHAN ROY ROAD, PO ALIPORE, KOLKATA -700027, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MOHUA DUTTA, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024. KALKULI NANDAN AND MOHUA DUTTA SAME AND ONE IDENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি, I MD SABIRHOSSAIN MOLLA, S/O ABDUL MANNAN MOLLA, R/O KUL- TALA O NASKAR PARA, KALINAGAR, JOYNAGAR, PIN-743338, WEST BEN- GAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD SABIR HOSSSEN MOLLA, VIDE AFFIDAVIT SWORN BE- FORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/01/2024, MD SABIR HOSSSEN MOLLA AND MD SABIRHOSSAIN MOLLA SAME AND ONE IDENTICAL PERSON

নাম পরিবর্তন
আমি, I,CHANDAN MONDAL(Old nName),SON OF TARAPADA MON- DAL, RESIDING AT

এক্সপ্রেস গতির পেসার কোথায় হারিয়ে গেল? প্রশ্ন প্রাক্তন ওপেনারের দূরন্ত বার্তা প্রতিবেদন

একটা সময় ভারতীয় পেস বোলিংয়ের রিজার্ভ বেঞ্চ অনেকটাই শক্তিশালী ছিল। গত অস্ট্রেলিয়া সফরের কথাই ধরা যাক। দিন-রাতের গোলাপি টেস্টে হারা। সেখান থেকে সিরিজ জিতে ফিরেছিল ভারত। শেষ ম্যাচে অনাভিজ্ঞ পেস বোলিং আক্রমণ খেলাতে বাধ্য হয়েছিল ভারতীয় দল। তারপরও সিরিজ জিতেই ফিরেছিল। তেমনই একটা সময় হাইচী পড়ে গিয়েছিল এক্সপ্রেস গতির এক বোলারকে নিয়ে। ১৫৫ কিমি প্রতি ঘণ্টাতেও বোলিং করতে পারতেন। স্বাভাবিক ভাবেই তাঁকে শোয়েব আখতার, ব্রেট লি-পের সঙ্গে তুলনা শুরু হয়। ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে সুযোগ পান। সেখানে ভালো পারফর্ম করায় জাতীয় দলেও। কিন্তু হঠাৎই হারিয়ে গেলেন যেন! প্রশ্ন তুলছেন



ভারতের প্রাক্তন ক্রিকেটারও দেশের জার্সিতে ১০টি ওডিআই খেলেছেন উমরান মালিক। উইকেট নিয়েছেন ১৬টি। আন্তর্জাতিক টি-টোয়েন্টি খেলেছেন ৮টি। ১১ উইকেট নিলেও ইকোনমি ১০-এর ওপর। আইপিএলে ২৫ ম্যাচে ১৫ উইকেট। ইকোনমি ৯-এর কিছুটা বেশি। তার গতি যে কোনও প্রতিপক্ষকেই চমকে দেওয়ার মতো। ভালো প্রশিক্ষণ পেলে ভবিষ্যতের জন্য ভারতীয় ক্রিকেটের গুরুত্বপূর্ণ সম্পদ হতে পারতেন। আফগানিস্তানের বিরুদ্ধে ঘরের মাঠে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলে যে ভারত। সিনিয়র পেসাররা বিশ্রামে। যদিও স্কোয়াডে সুযোগ হয়নি উমরান মালিকের। হঠাৎ যেন উধাও হয়ে গিয়েছেন। এমনকি ভারত এ দলেও নেই দীর্ঘ সময়। যা নিয়ে প্রশ্ন তুলেছেন ভারতের প্রাক্তন ওপেনার আকাশ চোপড়া। ভারতের প্রাক্তন ক্রিকেটার বলেনছেন, “তিন মাসের মধ্যে কী এমন হয়ে গেল। একজন তরুণ ক্রিকেটারকে দলে নেওয়া হল, সীমিত সুযোগ পেলে, তারপর হঠাৎ হারিয়ে গেল? এমনকি আমরা এটাও জানি না, ও এখন আছে কোথায়। এ বিষয়ে স্বচ্ছতা থাকলে ভালো হত।”

ফুটবল থেকে অবসর নেবেন কবে, মুখ খুললেন সুনীল ছেত্রী

নয়াদিল্লি, ১০ জানুয়ারিঃ ভারত তো বটেই এশিয়ান ফুটবলে মহাতারকা বললে ভুল হবে না। আইএম বিজয়নকে ছাপিয়ে গিয়েছিলেন বাইচুং ভুটিয়া, নতুন স্টারডম তৈরি করে। প্রথম ভারতীয় ফুটবলার হিসেবে বিদেশে খেলার রেকর্ড তৈরি করেছিলেন সিকিমের ফুটবলার। আসমুদ্র হিমাচল তাঁকে এক ডাকে চিন্তা বাহিচুংয়ের পর সেই জায়গা নিয়েছেন সুনীল ছেত্রী। শুধু কাশ্মীর থেকে কন্যাকুমারিকা নয়, এশিয়ান ফুটবলেও অত্যন্ত পরিচিত নাম সুনীল ছেত্রী। বিদেশি ফুটবলেও প্রায় ভেসে ওঠে সুনীলের নাম, গোল স্কোরের জন্য। আন্তর্জাতিক ফুটবলে দেশের হয়ে ১৪৫টা ম্যাচ খেলে করেছেন ৯৩টা গোল। ভাবা হচ্ছিল ১০০টা গোলের অবিশ্বাস্য রেকর্ড তৈরি করবেন তিনি। কিন্তু সুনীলও জানেন খামতে হয় এক সময়। ক্রিস্টিয়ানো রোনাল্ডোর মতো ৩৯ বছর বয়স ভারতীয় ফুটবলারের। সেই সুনীল এ বার অবসরের ভাবনা পরিস্ফুর্ত করে দিলেন। কবে ফুটবলকে বিদায় জানাবেন সুনীল? এশিয়ান কাপের জন্য তৈরি হচ্ছে ভারতীয় টিম। ভারতের গ্রুপে রয়েছে অস্ট্রেলিয়া, সিরিয়া ও উজবেকিস্তান। কঠিন গ্রুপ সম্মুখীন হবেন। কিন্তু সুনীল তৈরি করছেন নিজেকে সেটা দেওয়ার জন্য। ২০১১, ২০১৯ সালের পর এটা তৃতীয় এশিয়ান কাপ সুনীলের। ভারতের আর কোনও ফুটবলার এই সাফল্য পাননি। এটাই সুনীলের কাছে শেষ এশিয়ান কাপ। তাই নিজেকে তৈরি



রাখছেন, যাতে সেটা দিতে পারেন। বয়স যতই বাড়ুক, গোলের খিদে এখনও কমেনি। যে কারণে বিরাট কোহলির মতোই ভারতীয় ক্রীড়া মহলে অত্যন্ত সম্মান পান সুনীল। সেই সুনীলের ফুটবল থেকে বিদায় এক বিরাট শূন্যতা তৈরি করবে, তাতে সন্দেহ নেই। কিন্তু সুনীলও জানেন, তাঁকে খামতেই হবে এক সময়। নিজের অবসর নিয়ে

কী বলছেন ভারতের ক্যাপ্টেন? সংবাদ মাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে সুনীল ছেত্রী বলেছেন, “যদি ২০২৬ সালের বিশ্বকাপের যোগ্যতা পর্বের তৃতীয় রাউন্ডে আমরা জয়গা করতে না পারি, তা হলে ওখানেই আমার আন্তর্জাতিক কেরিয়ার শেষ হবে। তবে বিশ্বকাপের যোগ্যতা পর্বের তৃতীয় পর্যায় পা রাখার সম্ভাবনা আছে। যা আমার কেরিয়ারে একটা বিরাট ব্যাপার হতে পারে। তবে একটা ব্যাপার পরিস্ফুর্ত, কখন অবসর নেব, তা নিয়ে টিম কিংবা আমার নিজের উপর কোনও চাপ তৈরি করতে চাই না। কিন্তু এটাও ঘটনা যে, কোয়ালিফাইং রাউন্ডের তৃতীয় পর্বে পা রাখতে না পারাটা ভারতীয় টিমের দিক থেকে খারাপই হবে। অবশ্য অবসর বা বিশ্বকাপের যোগ্যতা পর্বের তৃতীয় পর্যায় নিয়ে ভাবছি না। টিমের এখন আমাকে দরকার। সে দিকেই ফোকাস করছি।” আর সেই কারণেই এশিয়ান কাপে সেটা দিতে চাইছেন সুনীল। অস্ট্রেলিয়া, উজবেকিস্তানের মতো কঠিন টিমের মুখে নামতে হবে ভারতকে। ইগার টিম্বাচের ভারত অবশ্য বিশ্বকাপের যোগ্যতা পর্বের দ্বিতীয় রাউন্ডে কুয়েতের বিরুদ্ধে জয় পেয়েছে। ঐতিহাসিক জয়ই ভারতের বিশ্বকাপ স্বপ্ন উন্মেষ দিয়েছে। সুনীল নিজেও চান কেরিয়ারে অন্তত একবার স্বপ্ন ছুঁয়ে দেখতে। মার্চ মাসে আফগানিস্তানের বিরুদ্ধে রয়েছে ম্যাচ। ওই ম্যাচের উপর নির্ভর করছে অনেক কিছু।

দুবাইতে গিয়ে পার্টি, শাস্তি পেলেন ঈশান কিষান! আফগানিস্তানের বিরুদ্ধে টি ২০ সিরিজে নেই শ্রেয়সও

মুম্বই, ১০ জানুয়ারিঃ জাতীয় নির্বাচকের বলে গিয়েছিলেন তিনি মানসিক অবসাদে ভুগছেন, তাই তিনি ছুটি চান। দক্ষিণ আফ্রিকা সিরিজের মাঝপথেই বিশ্রাম নিয়েছিলেন ঈশান কিষান। তারপর খেঁজ নিয়ে জানা গিয়েছে, তিনি দেশে নয়, চলে গিয়েছেন দুবাইয়ে। যোনিদের একটা পার্টি ছিল আরব মূলুকে। সেখানে অংশ নেন ঈশান। শুধু তাই নয়, তারপর দেশের প্রতিনিধিত্বমান উইকেটরক্ষক ব্যাটার মুম্বইতে যান কোন বনেগা ক্রোডপতি অনুষ্ঠানে। বিগ বি-র অনুষ্ঠানে ঈশানের সঙ্গে ছিলেন ভারতীয় মহিলা দলের নামী তারকা স্মৃতি মান্নান। আফগানিস্তান সিরিজের প্রথম টি২০ ম্যাচ



ভারতীয় দল খেলতে নামবে বৃহস্পতিবার। ওই ম্যাচে দলে নেই ঈশান ও শ্রেয়স আহিয়ারও। নির্বাচকরা আবার শ্রেয়সকে দলে রাখেননি অন্য কারণে। দক্ষিণ

রঞ্জি ম্যাচ খেলতে নেমেছিলেন। কিন্তু তিনি রাজি হননি। তাতেই চটেছেন অজিত আগরকারের নেতৃত্বাধীন বাকি নির্বাচকরা। সমস্যায় পড়ে এবার শ্রেয়স শুক্রবার থেকে মুম্বইয়ের হয়ে রঞ্জি ট্রফিতে অজ্ঞপ্রদর্শনের বিরুদ্ধে খেলতে নামবেন। ঈশান অবশ্য ঝাড়খণ্ডের হয়ে রঞ্জি খেলতে নামবেন কিনা, সেটি কিছু জানাননি। প্রসঙ্গত, তিনটি বছরের জুন মাসে টি২০ বিশ্বকাপের কথা মাথায় রেখে ভারতীয় দলে ফিরেছেন বিরাট কোহলি ও রোহিত শর্মা। কোহলি একদহর পরে টি২০ দলে ফিরলেন। তাঁর টি২০ পারফরম্যান্সও নজরে রাখবেন নির্বাচকরা।

মুক ও বধির হওয়াটাই কি আমার অপরাধ? খেলরত্ন না পেয়ে বিস্ফোরক কুস্তিগির বীরেন্দ্র

হরিয়ানা, ১০ জানুয়ারিঃ প্রতিবন্ধী হওয়াটা কি অপরাধ? বিতর্কিত প্রশ্ন তুলে দিলেন কুস্তিগির বীরেন্দ্র সিং। মঙ্গলবার জাতীয় ক্রীড়া পুরস্কার পেয়েছেন মহম্মদ সামি থেকে শুরু করে এফ্রিকা মুখোপাধ্যায় সহ অনেক তারকা। কিন্তু আশ্চর্যজনক ভাবে তালিকা থেকে বাদ পড়েছেন অনেকে। প্রতিবারই এমন হয়। পুরস্কার না পেয়ে অনেকেই ক্ষোভ প্রকাশ করেন। কিন্তু এমন ভবি বোধহয় এর আগে দেখা যায়নি। মুক ও বধির হওয়াটা অপরাধ কিনা, সেই প্রশ্ন করে বসেছেন নামী প্রতিবন্ধী রেসলার বীরেন্দ্র। নিজের রাজ্য হরিয়ানা থেকেও বঞ্চিত। সেই আক্ষেপ বাড়িয়ে দিয়েছে খেলরত্ন না পাওয়ায়। হতাশা চেপে রাখতে পারেননি বীরেন্দ্র। ডেফ অলিম্পিকে তিনটে সোনা জিতেছেন। এতেই শেষ নয়, ৩৭ বছরের রেসলারের সাফল্য রয়েছে সর্বত্র। বিশ্ব মিটেও তিনি গর্বিত করেছেন দেশকে। ২০২১ সালে যে কারণে তাঁকে অর্জুন পুরস্কারে সম্মানিত



করা হয়েছিল। সেই তিনি খেলরত্ন পাননি। অভিযোগ এতেই শেষ নয়, সব রাজ্যেরই সর্বোচ্চ ক্রীড়া পর্যায়ের সাফল্য পাওয়া

অ্যাথলিটকে আর্থিক ও অন্যান্য পুরস্কারে পুরস্কৃত করার পলিসি রয়েছে। সেই মতো হরিয়ানা সরকারের ৮ কোটি টাকা দেওয়ার কথা তাঁকে। যা আজও পাননি। বারবার দরবার করা সত্ত্বেও কোনও কাজ হয়নি। তাতেই আরও চটেছেন প্রতিবন্ধী কুস্তিগির। বীরেন্দ্র কোনও রাখঢাক না করেই সোশাল মিডিয়ায় লিখেছেন, “মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুর, ডেফ অলিম্পিক থেকে পাঁচটা পদক পাওয়ার পরও আমি খেলরত্ন পেলাম না। শুধু তাই নয়, হরিয়ানা সরকারের স্পোর্টস পলিসি অনুযায়ী ৮ কোটি টাকাও পাইনি। আমার অপরাধ শুধু এইটুকুই যে, আমি মুক-বধির খেলোয়াড়।” বীরেন্দ্রের এই বার্তা যে অস্বস্তিতে ফেলে দিয়েছে, তা নিয়ে সন্দেহ নেই। বিশেষ করে হরিয়ানা সরকার য়ে এতদিন তাঁকে ৮ কোটি টাকা দেয়নি, তাও জানা ছিল না অনেকেরই। তাও প্রকাশ্যে চলে এসেছে।

মেসি পিএসজির প্রতি সম্মান দেখায়নি, বললেন পিএসজি সভাপতি আল খেলাইফি

প্যারিস, ১০ জানুয়ারিঃ পিএসজি ছাড়ার পর ক্লাবটির প্রতি ‘সম্মান’ দেখাননি লিওনেল মেসি, এমন কথাই বলেছেন নাসের আল খেলাইফি। পিএসজি সভাপতি গতকাল ফরাসি রেডিও আরএমসির সঙ্গে আলাপচারিতায় আর্জেন্টাইন তারকাকে নিয়ে এমন নেতিবাচক মন্তব্য করেন। বার্সেলোনা ছেড়ে ২০২১ সালে পিএসজিতে যোগ দেন মেসি। ফরাসি ক্লাবটিতে দুই মরসুম কাটিয়ে ৭৫ ম্যাচে ৬৭ গোল করেন, দুবার জিতেছেন ফরাসি লিগও। কিন্তু যে লক্ষ্য নিয়ে মেসিকে এনেছিল পিএসজি, সেই আরাধ্য চ্যাম্পিয়নস লিগ জিততে পারেনি। ক্লাবটির সমর্থকেরা অনেকবারই মাঠে কটুজি করেছেন মেসিকে। আর্জেন্টাইন এই ফরোয়ার্ড নিজেও এর আগে ক্লাবটির হয়ে খেলার সময় নিজের অসন্তোষের কথা বলেছেন। গত বছর ক্লাব কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে সৌদি আরবে যাওয়ায় মেসিকে নিষিদ্ধও করেছিল পিএসজি। শেষ পর্যন্ত গত বছর জুলাইয়ে পিএসজি ছেড়ে যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের (এমএলএস) ইস্টার মায়ামিতে যোগ দেন মেসি। পিএসজি সভাপতি নাসের আল খেলাইফি আরএমসিকে বলেন, “আমরা তখনই কথা বলি, এখন সেখানে থাকি, চলে যাওয়ার পর কথা বলি না। আমি তাকে (মেসি) অনেক সম্মান করি। কিন্তু কেউ যদি পিএসজি ছেড়ে যাওয়ার পর ক্লাবটি নিয়ে বাজে কথা বলে, তাহলে সেটি ভালো নয়। এটা সম্মান দেওয়া



হলো না। সে মানুষ হিসেবে খারাপ নয়, কিন্তু ব্যাপারটা আমার ভালো লাগেনি। আর এই কথাটা শুধু তার জন্য নয়, সবার জন্যই।” খেলাইফি আরও বলেছেন, “আমি চাই, খেলোয়াড়েরা সেখানে (পিএসজি) থাকতে কথা বলুক, চলে যাওয়ার পর নয়। এটা আমাদের ধরন নয়।” পিএসজিতে কাটােনো দুই মরসুম নিয়ে গত বছর আগস্টে মুখ খুলেছিলেন

আমি তাকে (মেসি) অনেক সম্মান করি। কিন্তু কেউ যদি পিএসজি ছেড়ে যাওয়ার পর ক্লাবটি নিয়ে বাজে কথা বলে, তাহলে সেটি ভালো নয়। এটা সম্মান দেওয়া হলো না। -নাসের আল খেলাইফি

মেসি। মায়ামিতে যোগ দেওয়ার পর স্থানীয় সংবাদমাধ্যমের সঙ্গে প্রথম আলাপচারিতায় বলেছিলেন, “আগেই বলেছি, আমি প্যারিসে যেতে চাইনি, বার্সেলোনাও ছাড়তে চাইনি। ব্যাপারগুলো হ্যাং করেই ঘটে গেল। আর আমারও এমন জায়গায় মানিয়ে নিতে হয়েছে, যে জায়গাটা আমি এত দিন যেখানে যেভাবে বেড়ে উঠেছি, তার চেয়ে

আর মুম্বইয়ে নয় মেয়েদের আইপিএলও এ বার ছড়াচ্ছে দেশে

মুম্বই, ১০ জানুয়ারিঃ আইপিএলের ঠাঁচে গত বছরই চালু হয়েছিল ডব্লিউপিএল। এ বছরও উইমেন্স প্রিমিয়ার লিগ শুরু হওয়ার অপেক্ষায় রয়েছেন ক্রিকেট শ্রেণীরা। উদ্বোধনী সংস্করণেই জনপ্রিয়তা অর্জন করেছিল উইমেন্স প্রিমিয়ার লিগ। গত বছর পুরো টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছিল মুম্বই ও নডি মুম্বইয়ে। এ বছর অবশ্য তেমনটা হচ্ছে না। শোনা গিয়েছে, উইমেন্স প্রিমিয়ার লিগের দ্বিতীয় সংস্করণ অনুষ্ঠিত হবে দুই আলাদা জায়গায়। একাধিক রিপোর্ট অনুযায়ী, ফেরারিয়ার শেষ সপ্তাহে শুরু হবে উইমেন্স প্রিমিয়ার লিগের দ্বিতীয় সংস্করণ। প্রাথমিকভাবে শোনা গিয়েছিল মুম্বইতেই হবে এ বারের উইমেন্স প্রিমিয়ার লিগ। কিন্তু পরবর্তীতে ডব্লিউপিএল-২০২৪ এর ডেনু হিসেবে দুটি আলাদা শহরের নাম শোনা গিয়েছে। ক্রিকেট মহলের দাবি, এ বার মেয়েদের আইপিএলও ছড়াচ্ছে দেশে। নয়াদিল্লি এবং বেঙ্গালুরুতে বসবে



এ বারের ডব্লিউপিএলের আসর। উইমেন্স প্রিমিয়ার লিগের পাঁচ টিম হল-ইউপি ওয়ারিয়র্স, রয়্যাল চ্যালেঞ্জার্স বান্দালোর, গুজরাট জায়ান্টস, দিল্লি ক্যাপিটালস এবং মুম্বই ইন্ডিয়ান্স। ২০২৬ সালে উইমেন্স প্রিমিয়ার লিগ জিতেছিল হরমনপ্রীত কৌরের মুম্বই ইন্ডিয়ান্স। মেগ ল্যানিংয়ের দিল্লি ক্যাপিটালসকে হারিয়ে প্রথম বার উইমেন্স প্রিমিয়ার লিগের চ্যাম্পিয়ন

হয়েছিল এমআই ব্রিগেড। গত বছরের ডিসেম্বরে আইপিএলের মতো উইমেন্স প্রিমিয়ার লিগের নিলামও অনুষ্ঠিত হয়েছিল। তাতে ৫ দল প্রয়োজন অনুযায়ী ক্রিকেটারদের দলে নিয়েছে। উইমেন্স প্রিমিয়ার লিগ শেষ হওয়ার পর শুরু হবে ১৭তম আইপিএল। সূত্র মারফত জানা গিয়েছে ২২ মার্চ থেকে শুরু হবে এ বারের ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ।

প্রথম ম্যাচে নেই কোহলি

মোহালি, ১০ জানুয়ারিঃ আগামী কাল বৃহস্পতিবার মোহালিতে ভারত-আফগানিস্তান প্রথম টি-টোয়েন্টি দলে ফিরলেও প্রথম ম্যাচে খেলবেন না বিরাট কোহলি। সাংবাদিক সম্মেলনে নিশ্চিত করেছেন হেড কোচ রাহুল দ্রাবিড। সাংবাদিক সম্মেলনে টিম ইন্ডিয়ায় হেড কোচ রাহুল দ্রাবিড জানান, ব্যক্তিগত কারণে বিরাটকে প্রথম ম্যাচে পাওয়া যাবে না। সুত্রের খবর, টিমের সঙ্গে মোহালি পৌঁছাননি বিরাট কোহলি ও অধিনায়ক রোহিত শর্মা। আজই বিকেলে পৌঁছান রোহিত। বিরাট কী কারণে প্রথম ম্যাচে নেই, সে বিষয়ে খোলাসা করেননি দ্রাবিড। ব্যক্তিগত কারণের কথাই বলেছেন। বিরাট না থাকায় প্রথম ম্যাচে অত্যন্ত শুভমন গিলের খেলা নিশ্চিত। তবে অধিনায়ক রোহিত শর্মার সঙ্গে ওপেন করবেন যশস্কি জয়সওয়াল। শুভমন তিনে। চার নম্বরে দেখা যেতে পারে তিলক ডার্মাকে। শুধু প্রথম ম্যাচই নয়, বিশ্বকাপের পরিকল্পনার কথা মাথায় রেখে এই সিরিজে ওপেন করতে দেখা যেতে পারে রোহিত-যশস্কিকে। টেস্টে এই জুটিই ওপেন করেছে। বোম্বাড়াও দারুণ তৈরি হয়েছে। ডান বাঁ হাতি কবিশনেশ হওয়ায় এই জুটিতে সময় দিতে চায় ভারতীয় টিম ম্যানেজমেন্ট। ভারত-আফগানিস্তান দ্বিতীয় টি-টোয়েন্টি ইন্দোরে। রবিবার দ্বিতীয় টি-টোয়েন্টিসি আগে ইন্দোরে টিমের সঙ্গে যোগ দেওয়ার কথা বিরাট কোহলির।

টিমে থেকেও নেই! ভারতের বিরুদ্ধে খেলবেন না আফগান তারকা



মোহালি, ১০ জানুয়ারিঃ ভারত সফরের জন্য অনেক আগেই স্কোয়াড ঘোষণা করেছিল আফগানিস্তান। বেশ কয়েকদিন মোহালিতে প্রস্তুতিও সারছে আফগান দল। স্কোয়াডে রয়েছেন আফগানিস্তানের তারকা লেগ স্পিনার রশিদ খানও। তখন থেকেই অবশ্য ঘোষণা ছিল। এর আগের সিরিজে খেলেননি রশিদ। ভারতের বিরুদ্ধে স্কোয়াডে ফেরেন। প্রস্তুতিতেও বোলিং করতে দেখা যায় রশিদকে। কিছুটা আশা ছিল, হয়তো তিনি রিকোভারি করছেন এবং ভারতের বিরুদ্ধে খেলবেনও। যদিও চিত্রটা বদলায়নি। দলের সঙ্গে ভারতে এলেও, প্রস্তুতি সারলেও ম্যাচ খেলার মতো ফিট নন রশিদ। এমনটাই জানিয়েছেন আফগান অধিনায়ক ইব্রাহিম জাদরান। বৃহস্পতিবার শুরু ভারত-আফগানিস্তান তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ। প্রথম ম্যাচ মোহালিতে। ম্যানচেস্টে আগে সাংবাদিক সম্মেলনে রশিদ প্রসঙ্গে আফগানিস্তান অধিনায়ক ইব্রাহিম জাদরান বলেন, “ও পুরোপুরি ফিট নয়। রিহাব চলছে। পুরো সিরিজেই ওকে পাব না। নিঃসন্দেহে এটা আমাদের কাছে ধাক্কা। তবে বাকিদের ওপর ভরসা রয়েছে।” ভারতের মাটিতে ওয়ান ডে বিশ্বকাপের পর থেকে আর খেলেননি রশিদ। আইপিএলের আগে তিনি ফিট হয়ে উঠবেন বলেই মনে করা হচ্ছে। ভারতের মাটিতে বহু সিরিজ খেলেছে আফগানিস্তান ক্রিকেট টিম। নিজেদের হোম সিরিজগুলো ভারতেই খেলত। তবে ভারতের বিরুদ্ধে দ্বিপাক্ষিক সিরিজ খেলার সুযোগ সেই অর্থে হয় না বললেই চলে। টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রস্তুতিতে এই সিরিজ খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে মনে করেন আফগানিস্তান অধিনায়ক ইব্রাহিম জাদরান। কিছুদিন আগেই অবশ্য আফগানিস্তানের তিন তারকা ব্যাপক সমস্যায় পড়েছিলেন। ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট খেলার জন্য জাতীয় দলের হয়ে অনেকেই খেলা এড়িয়ে যাচ্ছিলেন, এমনটাই মনে করে আফগান বোর্ড। সে কারণেই মুজিব উর রহমান, নবীন উল হক এবং ফজলহক ফারুকিকে ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটে খেলার ছাড়পত্র বন্ধ করে দিয়েছিল আফগান বোর্ড। ভারত সফরে আসার পর সেই ‘নির্বাসন’ তুলে নিয়েছে আফগান বোর্ড। রশিদ খানের অনুপস্থিতিতে মহম্মদ নবির, মুজিব উর রহমান এবং চায়নাম্যান নূর আহমেদ গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে, মনে করেন আফগান অধিনায়ক জাদরান।

সুচিকিৎসা

২৬ বর্ষ • দ্বিতীয় সংখ্যা • ১ জানুয়ারি ২০২৪

হৃদয়ের মেরামতি

- ক্যান্সার, ভয়, মানসিক চিন্তা...
- মহিলা এবং ক্যান্সার - কিছু সহজ সতর্কতা...
- জরায়ু ক্যান্সার প্রতিকারের চেয়ে প্রতিরোধ শ্রেয়
- তামাক ও ভারতীয় সমাজের জন্য অভিশাপ
- হার্টের ভালবেরে সমস্যায় হৃদরোগ
- খাদ্যনালীর ক্যান্সার চিকিৎসায়...
- নতুন বছরে আপনার হৃদয় যত্নে ভুলে যান
- হার্টের অসুখ প্রতিরোধে সার্বিক সতর্কতা
- হৃদরোগের রিস্ক ফ্যাক্টর
- হৃদয়ের মেরামতি করতে খাদ্যভাঙ্গ

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন